Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

ACHIEVEMENT
Since 2007
For : WBCS, CGL, CHSL, RAIL
PSC, SPOKEN ENGLISH etc.
9830538588/9231610947

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৪৬ কলকাতা বুধবার, ১৯ জুন ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৪ আষাঢ় ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# গ্রামীণ ব্যাঙ্কে ৮০০০

দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে ৮,০০০ জন অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) নিয়োগের যোগ্যতা নির্ণায়ক অনলাইন পরীক্ষা নেওয়া হবে চলতি বছরের অগস্ট ও সেপ্টেম্বর মাসে। পরীক্ষাটি নেবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এই পরীক্ষায় সফল হলে ভারতের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৪৫টি গ্রামীণ ব্যাঙ্কে গ্রুপ-এ অফিসার (স্কেল ওয়ান, স্কেল টু এবং স্কেল থ্রি) এবং গ্রুপ-বি অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদে নিয়োগ পাওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করা যাবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

## আই বি পি এস পরীক্ষা অগস্ট-সেপ্টেম্বরে

দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে চাকরি পেতে আগ্রহীদের আই বি পি এস-এর এই অনলাইন পরীক্ষায় সফল হতে হবে। পরীক্ষায় সফলরা স্কোর কার্ড পাবেন। এই স্কোর বৈধ থাকবে ইস্যু হওয়ার তারিখ থেকে ১ বছর। এই সময়ের মধ্যে সংশ্লিষ্ট গ্রামীণ ব্যাঙ্কগুলি তাদের প্রয়োজন অনুযায়ী অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য যখন বিজ্ঞাপন দেবে, তখন সেই বিজ্ঞাপনের উত্তরে শুধু আই বি পি এস-এর পরীক্ষায় বৈধ স্কোর কার্ডধারীরা আবেদন করতে পারবেন। অন্তত কত স্কোর থাকলে আবেদন করা যাবে তা নির্দিষ্ট করে দিতে পারে নিয়োগকারী ব্যাঙ্ক। এরপর সংশ্লিষ্ট ব্যাঙ্ক গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্তভাবে প্রার্থী বাছাই করবে।

গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আই বি পি এস-এর এই পরীক্ষার নাম 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব অফিসার্স (স্কেল ওয়ান, টু অ্যান্ড থ্রি) অ্যান্ড অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ইন রিজিওনাল রুরাল ব্যাঙ্কস।'

এরপর চোদ্দোর পাতায়

# নেভিতে ২৭০০

## শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক

প্রশিক্ষণ দিয়ে ২,৭০০ নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুট' (এস এস আর) এবং 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' (এএ) এন্ট্রিতে নিয়োগ হবে। শুধু অবিবাহিত ছেলেরা আবেদন করবেন। ট্রেনিং শুরু হবে ২০২০-এর ফেব্রুয়ারিতে।

**সিনিয়র সেকেন্ডারি রিক্রুট:** শূন্যপদ ২,২০০টি। **শিক্ষাগত যোগ্যতা:** অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। এর পাশাপাশি অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে।

**আর্টিফিশার অ্যাপ্রেন্টিস:** শূন্যপদ ৫০০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে।

উভয় ক্ষেত্রেই সাঁতার, খেলাধুলায় আগ্রহ থাকলে অগ্রাধিকার।

**জন্মতারিখ:** ১-২-২০০০ থেকে ৩১-১-২০০৩-এর মধ্যে হতে হবে।

এরপর চারের পাতায়

# আর্মি নেভি এয়ারফোর্সে ৪১৭ অফিসার

## কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষা ৮ সেপ্টেম্বর

আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য ট্রেনিং দিয়ে ৪১৭ জন তরুণ-তরুণীকে নেওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মহিলারা কেবলমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য আবেদন করতে পারবেন। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 10/2019.CDS-II. তারিখ ১২-৬-২০১৯।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০১৯-এর মাধ্যমে। পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর।

**শূন্যপদ:** দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ১৪৯তম (ডি ই) কোর্সের জন্য ১০০টি। এর মধ্যে এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (আর্মি উইং) জন্য ১৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এক্সিকিউটিভ

এরপর চারের পাতায়




# এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু

বেশ কিছু কেবিন ক্রু নেবে এয়ার ইন্ডিয়া। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ হবে সংস্থার পূর্বাঞ্চল, পশ্চিমাঞ্চল, উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চল রিজিয়নে। তিনটি পর্যায়ে প্রার্থী নিয়োগ করা হবে। তফসিলি, ও বি সি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীর জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত এয়ারলাইনে কেবিন ক্রু হিসেবে এক

এরপর চোদ্দোর পাতায়

# এয়ার ইন্ডিয়ায় অপারেশন এজেন্ট

অপারেশন এজেন্ট পদে ৫৭ জনকে নেবে এয়ার ইন্ডিয়া। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে মুম্বইয়ে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৪ জুন মুম্বইয়ে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে কোনও এয়ারলাইন্স সংস্থায় সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিজ্ঞান শাখার স্নাতকদের অগ্রাধিকার। বয়স: ১-৬-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে ২৫,২০০ টাকা।

এরপর চারের পাতায়




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৪৬ □ ১৯ জুন ২০১৯

**ই-মেল ঠিকানা**
**সম্পাদকীয় বিভাগ:**
karmakshetra@swarnakshar.in
**বিজ্ঞাপন বিভাগ:**
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

### স্টার হোটেলে 6-17,500/-

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**Direct কোম্পানিতে ন্যূনতম H. S. পাশ** (18-30) 17 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K. Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

**Jio/ SB/ কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন— INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91, 90513-76362 / 74509-64662.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### হোটেলে স্থায়ী চাকরি

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/-, থাকা + খাওয়া + উন্নতি। গড়িয়া-কলকাতা: 82828-20007. www.bshm.co.in

□

### আর্জেন্ট

**এয়ারপোর্টে বিভিন্ন পদে কন্ট্রাক্টরের** অধীনে এবং Bank DSA -তে M/F কর্মী নিয়োগ চলছে। PF + ESI + থাকা + খাওয়ার ব্যবস্থা আছে। বেতন: ১৪,৫০০/- - ৩৫,৭০০/-, অঞ্জলী Ent. A. P. Rd, Kol-14, (M): 84202-62349.

□

### এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্ক

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ Airport ও** ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,900/- – 47,300/-, অন্যান্য সুবিধা। N. C, Dum Dum, Kol-74. M: 89678-66030.

□

**SBI Banking/ Naptol/Jio কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন— INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake Sec-V, Kol-91, 90880-93059/ 98301-20692.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ জুন দুপুর ২টো পর্যন্ত।
□□□
৩ জুলাই কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৯ জুন দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### আর্জেন্ট রিক্রুটমেন্ট- লিখিত গ্যারান্টি-সহ 5 দিনের মধ্যে অফার লেটার-সহ এয়ারপোর্ট ও Bank (DSA)-তে M/F চাই

**পঃ বঃ-সহ উঃ বঃ বেকার ছেলেমেয়েদের** জন্য গভঃ স্বীকৃত লাইসেন্সপ্রাপ্ত অফিস দিচ্ছে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও নিজের জেলায় Bank DSA-তে কাজের সুযোগ। কোনওরকম ডোনেশন লাগে না। 60 বছর কাজের এগ্রিমেন্ট থাকবে। ১৮-৪০-এ নামসই থেকে স্নাতক, আবেদন করতে পারে। ৭ দিনের মধ্যে যোগাযোগ করুন। R. L. T, Dum Dum, Kol-30, (M): 74788-28215.

□

### ফোন করলেই নিশ্চিত চাকরি কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়

**Govt. Regd. L/No. EWK-72850.** সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 34,500/-, সুবিধা: OT-সহ PF, ESI, ছুটি বোনাস, প্রমোশন এবং থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: P. C., J. Das Rd, (M): 83270-75350.

□

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287

**কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে M : 96148-26939

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292 M : 74070-36062

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

কর্মক্ষেত্র
**কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:**
**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

## কর্মখালি

### আপনার ভবিষ্যৎ গড়ুন সঠিক জায়গায়- ফোন করুন গ্যারান্টি-সহ 3 দিনে স্পট জয়েনিং যোগাযোগ: (M): 83484-08500

**Govt. Regd. No. L/C 8447, সম্পূর্ণ** বিনা ডোনেশনে সমস্ত বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও Pvt. Bank (DSA)-তে জয়েনিং চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: (14,500/- – 48,700/-) OT+PF+ESI বোনাস প্রমোশন -সহ যাতায়াত ও থাকা খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। বিশদ জানতে ফোন করুন M: 83484-08500, G. C. দমদম।

□

**Jio/ SBI কাস্টমার কেয়ারে বাংলা কথা** বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: M.P. H.S বেতন— INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 70440-49492, উঃ ও দঃ ২৪ পরগনা: 98301-20692, কলকাতা: 75969-91728.

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### Airport ও মেট্রোতে 322 জনের Direct নিয়োগ

**GST নং: 29AAACA6412D3J3** কন্ট্রাক্টরের অধীনে SV, ইনচার্জ, চেকিং, ট্রলিবয়, টোকেনবয় পদে সম্পূর্ণ বিনা ডোনেশনে M/F চাই। এছাড়া প্রতিটি জেলায় BANK (DSA)-তে Official পদে কর্মী চাই। বেতন: 16,200/- – 32,700/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। ESI, PF ও OT-এর সুবিধা। (M): 74786-13356. A. J. Belgharia, Kol-56.

□

### ONLINE SHOPING JIO 4G & SBI BANKING বাংলা কাস্টমার কেয়ারে

**MP-Graduate (18-35) অভিজ্ঞ /** অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**SBI/ Jio কাস্টমার কেয়ারে বাংলাভাষী** 480 জন M/F চাই। বেতন— INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91, 96747-95345 / 98301-20692.

□

### এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী জব

**সরাসরি M/F কর্মী নিয়োগ চলছে।** যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,500/- – 45,500/-. PF, ESI, থাকা খাওয়ার ব্যবস্থা আছে। A. E, A. P. Rd, Kol-14, (M): 70472-60937.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## কর্মখালি

**SBI / HDFC / ICICI / PAN CARD /** PAYTM ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 357 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,765/- – 35,950/- (PF + ESI). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, ধর্মতলা / বেহালা: 62892-51870, হাওড়া / বিধাননগর: 90513-83837.

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### ফিজিওথেরাপি ও ই.সি.জি

**ECG, DPT, DMLT (প্যাথলজি),** ANM (নার্সিং), RHP (এ্যালোঃ ও হোমিও) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনিবার ও রবিবার। DMLT ও নার্সিং ট্রেনিং শেষে নিশ্চিত চাকরির সুযোগ। ক্যারিয়ার একাডেমি অফ মেডিকেল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কোল-84. (M): 70447-16334 / 82729-11322.

□

### Nursing Training

**Sagar Durga School of Nursing,** Visakhapatnam, Andhra Pradesh GNM Nursing Training approved by A. P Nursing Council and Indian Nursing Council (INC), New Delhi for boys and girls. Institutions No.: 0891-2712398, Secretary-88011-11011, West Bengal: 90078-11110.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং ট্রেনিং (100% Job)

**Shree Jain Hospital (Howrah),** GNM, B. Sc, Approved by INC / KNC, Bangalore 10TH + 12TH Passed (Science/Commerce/Arts). Call: 75968-74245 / 75968-74246.

□

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

### নার্সিং ট্রেনিং

**পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT),** 2 Years Diploma In Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistance, Nursing কোর্সে ভর্তি চলিতেছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

### ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ সরাসরি ভর্তি চলছে

**'2 Years প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ** (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) অবশিষ্ট কয়েকটি আসনে সরাসরি ভর্তি চলছে। ট্রেনিং-এর শেষে চাকরি। Instalment-এ ফিস দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

## স্বর্ণাক্ষরের বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির লেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# আইসক্রিমের কোন তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনের সাহায্যে আইসক্রিম ভরার কোন তৈরি করে দোকানে, শপিং মলে বা কোনও আইসক্রিম প্রস্তুতকারক সংস্থায় অর্ডার অনুযায়ী সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** আইসক্রিম ভরার কোন তৈরি করতে হলে প্রয়োজন একটি স্বয়ংক্রিয় মেশিন এবং একটি ইলেক্ট্রিক্যাল হিটার। কোন তৈরি করার জন্য উপকরণ হিসেবে লাগবে ভুট্টাদানা, ময়দা, দুধ, সুগন্ধি, চিনি ও পরিমাণমতো বেকিং পাউডার। প্রথমে ভুট্টাদানাগুলোকে গুঁড়ো করে নিয়ে তার সঙ্গে দুধ, ময়দা, সেন্ট এবং পরিমাণমতো চিনি ও বেকিং পাউডার মিশিয়ে মিশ্রণটিকে মেশিনের নির্দিষ্ট জায়গায় দিয়ে দিতে হবে। এরপর ইলেক্ট্রিক্যাল হিটারটি চালু করে দিলে স্বয়ংক্রিয় এই মেশিনে নিজে থেকেই কোন তৈরি হয়ে যাবে। স্বয়ংক্রিয় এই মেশিনটির জন্য মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০-৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** স্বয়ংক্রিয় এই মেশিনটির দাম পড়বে ১ লক্ষ ৭৫ হাজার টাকা এবং ডাইস প্রতি খরচ পড়বে ১০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


অ্যানিমেশনে ডিগ্রি ও ডিপ্লোমায় ভর্তি চলছে

RTG Animate-Animation Academy

UGC recognized degree
Full time regular class
Industry standard training
Best experienced faculties
Excellent placement opportunity
Best full time professional diploma courses

BEST ANIMATION TRAINING INSTITUTE FOR LAST 15 YEARS

- 'RTG Animate'- পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় এবং পুরানো অ্যানিমেশন কলেজগুলির মধ্যে অন্যতম।
- ৩ বছরের ফুলটাইম ডিগ্রি কোর্সে ভর্তির সুযোগ।
- ৬ মাস, ১ বছর, ২ বছর, ৩ বছরের ফুলটাইম ডিপ্লোমা কোর্সের সুযোগ।
- এখানকার অভিজ্ঞ বিশেষজ্ঞ শিক্ষকদের কাছে ক্লাস করবার সুযোগ।
- নিয়মিত (সোম থেকে শুক্র) ৮ ঘন্টা ক্লাসের সুবিধা।
- প্রতিটি ব্যাচে মাত্র ২৫-৩০ জন ছাত্র-ছাত্রী নেওয়া হয়। তাই শিক্ষক মন্ডলী প্রত্যেককেই বিশেষ নজর দিতে পারেন।
- কম খরচে কোর্স করার সুযোগ এবং সহজ কিস্তিতে পেমেন্ট করবার সুবিধা।
- বাইরের ছাত্র-ছাত্রীদের থাকার জায়গার সহযোগিতা।

যোগ্যতাঃ- যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ।
(মাধ্যমিক পাশ স্টুডেন্টদের স্পেশাল কোর্স করানো হয়)

ভর্তি চলছে
কলেজ থেকে ফর্ম পাওয়া যাচ্ছে
ফর্মের মূল্য ৩৫০টাকা
Best প্লেসমেন্ট রেকর্ড

Jindal Towers,
Block A, 2nd Floor,
(Near Park Circus Maidan)
21/1A/3 Darga Road,
Kolkata-700017
Phone: 033-4000 6381
Phone: 033-2289 2890
website: www.rtga.in

সব কোর্স শেষেই ক্যাম্পাস প্লেসমেন্টের সুযোগ।

9903635280





নীরব আলো

সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন

কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন

আজই ডাউনলোড
করুন বিনামূল্যে

Free Download

www.enirobaalo.tk

আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# আর্মি নেভি এয়ারফোর্সে ৪১৭ অফিসার

প্রথম পাতার পর

(জেনারেল সার্ভিস)/হাইড্রো কোর্সের জন্য ৪৫টি। এর মধ্যে ৬টি শূন্যপদ এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (ন্যাভাল উইং) জন্য সংরক্ষিত থাকবে। হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে প্রি-ফ্লাইং ট্রেনিং কোর্সের জন্য ৩২টি। এর মধ্যে ৩টি শূন্যপদ এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (এয়ার উইং) জন্য সংরক্ষিত থাকবে। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ছেলেদের ১১২তম এস এস সি কোর্সের (এন টি) জন্য ২২৫টি। এর মধ্যে এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের জন্য ৫০টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে মহিলাদের ২৬তম এস এস সি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য ১৫টি।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে কোর্স শুরু হবে ২০২০-র জুলাইয়ে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে কোর্স শুরু হবে ২০২০-র অক্টোবর মাসে।

পরীক্ষায় সফল হলে প্রাথমিক ট্রেনিং হবে এইসব প্রতিষ্ঠানে: (১) ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, দেরাদুন, (২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, এঝিমালা, (৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দরাবাদ, (৪) অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, চেন্নাই।

**এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য** শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র তরুণরা আবেদন করবেন। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে। **বয়স:** ১-৭-২০২০ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০০-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে ২৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৪ থেকে ১-৭-২০০০-এর মধ্যে।

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির জন্য** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির জন্য কেবলমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে শর্ট সার্ভিস কমিশন কোর্সটির জন্য অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত মেয়েরা, বিধবা ও বিবাহবিচ্ছিন্নারা সন্তানহীনা হলে এবং আবার বিবাহ না করে থাকলে আবেদন করতে পারবেন। **বয়স:** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০১-এর মধ্যে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৫ থেকে ১-৭-২০০১-এর মধ্যে।

**ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে ভর্তির জন্য** শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। **বয়স:** জন্মতারিখ থাকতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০১-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে: আর্মির জন্য উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি, নেভির ক্ষেত্রে ১৫৭ সেমি ও এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে: অন্তত ১৫২ সেমি। উভয় ক্ষেত্রেই গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। এছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে (মহিলাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এয়ারফোর্সের ক্ষেত্রে পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। আর্মি ও নেভির ক্ষেত্রে কোনও কড়াকড়ি নেই।

**দৃষ্টিশক্তি:** আর্মির ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৩.৫ ডি-র বেশি হলে চলবে না। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে চশমা ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/১২, চশমা-সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া মাইনাস ১.৫-এর বেশি হলে চলবে না। মেয়েদের ক্ষেত্রে দৃষ্টিশক্তি: ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৫.৫ ডি-র বেশি হলে চলবে না। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

**পরীক্ষাকেন্দ্র, পরীক্ষার সিলেবাস:** প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেবে ইউ পি এস সি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হবে শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি, ট্রিগোনোমেট্রি ও রাশি-বিজ্ঞানের ওপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে নেওয়া হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। গোটা প্রক্রিয়া মোট ৪ দিন ধরে চলবে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৮ জুলাই পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইন ও অফলাইন, উভয় পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডে অথবা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনের ক্ষেত্রে নগদেও ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। মহিলা ও তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না। নগদে ফি জমার ক্ষেত্রে পার্ট-টু রেজিস্ট্রেশনের সময় পে-ইন-স্লিপের সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। প্রিন্ট আউট নেওয়ার পরের দিন ফি জমা দেওয়া যাবে। ৭ জুলাই পর্যন্ত পে-ইন-স্লিপের প্রিন্ট আউট পাওয়া যাবে।

বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in


কর্মক্ষেত্র

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground staff and Cabin Crew
Experience, Location: Fresher ,Kolkata , Delhi,Vizag
To apply for this job, log on to www.shine.com and search using 9720038 as keyword.

EMIRATES MANPOWER
Company: Client Of Emirates Manpower
Position Title: Cook
Experience, Location: 0 to 5years , Qatar
To apply for this job, log on to www.shine.com

Company: A Client of Crowd Link Staffing
Position Title: Key Account Manager
Experience, Location: Fresher, Any Location
To apply for this job, log on to www.shine.com

ALL INDIA SOLUTION SERVICES
Company: All India Solution Services
Position Title: Accountant
Experience, Location: 3-8 years, Kolkata
Profile: Urgent Opening for Accountant. Experience-: 3yrs and above. Qualification-: B.Com. Salary-: 2.5_3 Lac
To apply for this job, log on to www.shine.com and search using 9933637 as keyword.

SWISSOTEL
Company: SWISSOTEL
Position Title: Engineering Manager
Experience, Location: 5-7 year, Kolkata
To apply for this job, log on to www.shine.com and search using 9933867 as keyword.

DIKSHA
Company: DIKSHA
Position Title: Front Office Executive
Experience, Location: 3-6 year, Kolkata
To apply for this job, log on to www.shine.com and search using 9942618 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com Great careers start here


# ডাক বিভাগে

## ইনশিওরেন্স এজেন্ট

কিছু পোস্টাল লাইফ ইনশিওরেন্স এজেন্ট নেবে ভারতীয় ডাক বিভাগের উত্তর কলকাতা ডিভিশন। ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করবে সংশ্লিষ্ট ডিভিশনের অন্তর্ভুক্ত সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট অফিস। ব্যবসার ওপর কমিশন পাওয়া যাবে। ইন্টারভিউ ১ জুলাই, কলকাতায়।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত উচ্চমাধ্যমিক। স্বনিযুক্ত, বিমা সংস্থার অবসরপ্রাপ্ত লাইফ অ্যাডভাইজর বা এজেন্ট, প্রাক্তন সমরকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী, অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা, মহিলা মণ্ডলে কর্মরতরাও আবেদনের যোগ্য। **বয়স:** ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে। ইনশিওরেন্সের কাজে অভিজ্ঞতা থাকলে, কম্পিউটারের ব্যবহার জানলে এবং স্থানীয় এলাকা বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার।

ইন্টারভিউ ১ জুলাই, সকাল ১১টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: অফিস অব দ্য সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট, নর্থ কলকাতা ডিভিশন, ৫এ, ইন্দ্র বিশ্বাস রোড, সেকেন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০৩৭।

**ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবে:** ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ✓প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র। ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন উপরোক্ত ঠিকানায়।

# নেভিতে ২৭০০

প্রথম পাতার পর

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে।

প্রার্থীদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে বাছাই করা হবে। ১০০ নম্বরের পরীক্ষায় ইংরেজি, সায়েন্স, অঙ্ক ও জেনারেল নলেজের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময়সীমা ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) ও ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ১-২ দিন ধরে। পরীক্ষা সেপ্টেম্বর মাসে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.joinindiannavy.gov.in

সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রির ক্ষেত্রে ২২ সপ্তাহ এবং আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৯ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে আই এন এস চিলিকায়। এরপর ট্রেড অনুসারে প্রফেশনাল ট্রেনিং দেওয়া হবে দেশের বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ প্রতি মাসে ১৪,৬০০ টাকা পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। এছাড়াও আর্টিফিশার অ্যাপ্রেন্টিসরা এক্স গ্রুপ-পে হিসেবে মাসিক ৬,২০০ টাকা পাবেন। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সম্ভাবনা রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৮ জুন থেকে ১০ জুলাই পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (নীল ব্যাকগ্রাউন্ড) এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন।

ফি বাবদ দিতে হবে ২০৫ টাকা। তফসিলিদের ফি দিতে লাগবে না। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেনাবাহিনীতে ডাক্তার

১৫০ জন ডাক্তার নেবে ভারতীয় সেনাবাহিনী। আর্মড ফোর্সেস মেডিকেল সার্ভিসেসের মাধ্যমে শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ করা হবে।

**শূন্যপদ:** পুরুষ ১৩৫, মহিলা ১৫। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। ৩০ জুনের মধ্যে প্রার্থীকে অবশ্যই ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। **বয়স:** ৩১-১২-২০১৯ তারিখে ৪৫ বছরের নীচে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে দিল্লিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.amcsscentry.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ জুলাই। অনলাইনে ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। আগ্রহীরা ২২ জুনের পর নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# এয়ার ইন্ডিয়ায় অপারেশন এজেন্ট

প্রথম পাতার পর

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। ড্রাফটটি 'Air India Limited'-এর অনুকূলে মুম্বইয়ে প্রদেয় হতে হবে।

ডিমান্ড ড্রাফট, প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত সঙ্গে নিয়ে যেতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের লিখিত পরীক্ষা ৩০ জুন

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল নিয়োগের (কনস্টেবল ইন ওয়েস্ট বেঙ্গল পুলিশ-২০১৮) ফাইনাল লিখিত পরীক্ষা ৩০ জুন, বেলা ১২টা থেকে ১টা।

অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর এবং জন্মতারিখ ব্যবহার করে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.wbpolice.gov.in পরীক্ষাকেন্দ্রে ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট দেখাতে হবে। প্রার্থীর ঠিকানায় পেপার অ্যাডমিট কার্ড পাঠানো হবে না।

# পাটনা এইমসে ৯৬

জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট এবং স্টোরকিপার-কাম-ক্লার্ক পদে ৯৬ জনকে নেবে পাটনার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। নিয়োগ হবে গ্রুপ সি ক্যাটেগরিতে।

**শূন্যপদের বিবরণ:** অ্যাডভার্টাইজমেন্ট নম্বর 17667-SKC/2019: **স্টোরকিপার-কাম-ক্লার্ক:** ৮৫টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২, সাধারণ-আর্থিকভাবে অনগ্রসর ৮)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে স্টোর হ্যান্ডলিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

অ্যাডভার্টাইজমেন্ট নম্বর 17667-JAA/2019: **জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, সাধারণ-আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। অথবা মাধ্যমিক, সঙ্গে কোনও সরকারি সংস্থায় লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimspatna.org দরখাস্তের শেষ তারিখ ২৯ জুলাই।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা (মহিলা, আর্থিকভাবে অনগ্রসর, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। মহিলা, আর্থিকভাবে অনগ্রসর, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা লিখিত পরীক্ষা দিতে উপস্থিত হলে ব্যাঙ্ক চার্জ বাদে ফিয়ের বাকি টাকা ফেরত দেওয়া হবে।

নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডিরোজিও মেমোরিয়াল কলেজে পেশামুখী তিন কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস এবং প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিংয়ের ৩ বছরের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ডিরোজিও মেমোরিয়াল কলেজ। যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরাই কোর্সগুলি পড়তে পারেন।

ডিরোজিও মেমোরিয়াল কলেজের কমিউনিটি কলেজ স্কিমের নোডাল অফিসার অধ্যাপক অনির্বাণ বসু রায়চৌধুরী জানান, তিনটি কোর্সই ইউ জি সি কর্তৃক স্বীকৃত। ভারত সরকার প্রশিক্ষিত মানবসম্পদের ঘাটতির কথা মাথায় রেখেই কর্মমুখী এই কোর্সগুলির পাঠ্যক্রম তৈরি করেছে। পড়াও যায় তুলনামূলক অল্প খরচে।

তিনটি কোর্সের ক্ষেত্রেই বার্ষিক ফি ১২,৩৪০ টাকা। ভর্তির সময় দিতে হবে ৫,৩৯০ টাকা। ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন ফি ও ভর্তির ফি আলাদা।

ভর্তির প্রক্রিয়া চলছে। ভর্তির জন্য সরাসরি অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dmc.ac.in তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮৩০৫-৫১৭৭৪, ৯৮৩৬৭-৫৪২৩১।

যোগাযোগের ঠিকানা: ডিরোজিও মেমোরিয়াল কলেজ, রাজারহাট রোড, কলকাতা-৭০০ ১৩৬।

# কবে কোন পরীক্ষা

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর ইঞ্জিনিয়ারিং** সার্ভিসেস (মেন) এক্সামিনেশন ৩০ জুন। এই পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.upsc.gov.in

# মালদায় স্বাস্থ্যকর্মী

মেডিক্যাল অফিসার, নিউট্রিশনিস্ট, ল্যাবরেটরি টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ১৪জনকে নেবে মালদার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/990. আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুটি ওয়েবসাইটের যে-কোনও একটি থেকে: www.wbhealth.gov.in, www.malda.gov.in ফি ও প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৮ জুনের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

**রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়**
**৫৬এ, বি.টি. রোড, কলকাতা-৫০**

নং : রভা / ক.স / ২০৫ / ২০১৯
তাং : ১২.৬.২০১৯

বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় নিম্নলিখিত কোর্সে ভর্তি চলিতেছে। WBCS & COMBINED (19-20) & NET/SET-1st Paper (Aug.-Nov.'19). যোগাযোগ – EOGP Office, Ph: 25462770, বুধবার বাদে প্রতিদিন বেলা ১টা–৫.৩০টা। ফর্ম ও বিস্তারিত জানতে **www.rbu.ac.in** দেখুন।

কর্মসচিব

One of the India's largest conglomerate into Construction & Mining Machinery business is Interested in providing 2 years **APPRENTICE COURSE for Mechanical / Earthmoving branch in Durgapur**. Interested canidates with minimum Qualification of class X pass & age not more than 28 years can apply. Interested candidates may Forward personal profiles to the below address:
**e mail:- recruitmentpsddgp@gmail.com**

**IISWBM**
First B-School of India & South Asia
**FIRE SAFETY MANAGEMENT**
Affiliated to West Bengal State Council of Technical & Vocational Education and Skill Development
ADMISSION GOING ON for ADVANCED DIPLOMA in
**FIRE SAFETY MANAGEMENT**
Last date of issue and receipt of application form:
**June 30, 2019**
*For details, please see website:* **www.iiswbm.edu**
Contact: 9874646208, 4023 7474, 2241 8694
Registrar
*Our graduates nurture and build companies*

**নার্সিং ট্রেনিং-এ ভর্তির বিজ্ঞপ্তি**

**৩ বছরের জি. এন. এম. নার্সিং ট্রেনিং কোর্স (অক্টোবর-২০১৯)**

ভর্তির জন্য যোগ্য মহিলা প্রার্থীর কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। এই ট্রেনিং ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল এবং পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত।

আসন সংখ্যা : ৫০ (মহিলা)। শিক্ষাগত যোগ্যতা : উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় আবশ্যিক বিষয়ে (ভাষা - যার মধ্যে ইংরাজী বাধ্যতামূলক) ও তিনটি ঐচ্ছিক বিষয়ে (বেশী নম্বর প্রাপ্ত ৩টি বিষয়ে), পরিবেশ শিক্ষা ব্যতীত, মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাভিত্তিক প্রার্থী নির্বাচিত হবে। ভোকেশনাল শাখার প্রার্থীদের আবেদন গণ্য হবে না। বিজ্ঞান শাখা অগ্রাধিকার পাবে। প্রার্থীকে বাংলা ভাষা লিখতে ও পড়তে জানতে হবে।

বয়স : ৩১.১২.২০১৯ তারিখে ১৭-৩৫ বছরের মধ্যে। প্রার্থীর বিগত ৫ বছরের সময়কালে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়া বাধ্যতামূলক। প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ট্রেনিং চলাকালীন ৩ বছর ছাত্রী নিবাসে থাকা বাধ্যতামূলক।

ফর্ম নেওয়া ও জমা দেওয়ার শেষ তারিখ ১৮.০৬.২০১৯ থেকে ২২.০৭.২০১৯
সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত (শনি, রবি, ছুটির দিন বাদ)।

**SADHANA MEMORIAL SCHOOL OF NURSING**
**(Formerly Shova Rani School of Nursing)**
**KPC MEDICAL COLLEGE & HOSPITAL, JADAVPUR**
1F, Raja S. C. Mullick Road, Jadavpur, Kolkata - 32, Phone : 033 4045 0014





নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প, ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড করুন বিনামূল্যে
Free Download
www.enirobaalo.tk
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন' পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —সুদীপ্ত মজুমদার, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন' চারটি পর্যায়ে হয়—কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-১), কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-২), ডেস্ক্রিপ্টিভ প্রশ্নোত্তর (টিয়ার-৩) এবং কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/ স্কিল টেস্ট (টিয়ার-৪)। কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয় এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয় এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত ফিনান্স ও ইকনমিক্স। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। টিয়ার-৩-এ থাকে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। এ ছাড়া ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড ইনকাম ট্যাক্স) পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হয়। থাকে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## ইউ পি এস সি

□ ***ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন** কর্তৃক আয়োজিত ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন লিখিত পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের পরীক্ষা হবে? পরীক্ষা কবে নাগাদ হবে? —পৃথা দত্ত, সাহাপুর, বীরভূম।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন লিখিত পরীক্ষা ডিসেম্বর মাসে হতে পারে। এই পরীক্ষায় থাকবে মোট ৬টি পেপার। এর মধ্যে দু'টি আবশ্যিক: পেপার ওয়ান জেনারেল ইংলিশ ও পেপার টু জেনারেল নলেজ। প্রতিটি পেপারের নম্বর ৩০০ করে। তালিকা থেকে দু'টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হবে। প্রতিটি বিষয়ের দু'টি করে পত্র, মোট চারটি পেপার (পেপার থ্রি থেকে সিক্স)। মোট চারটি পেপারের প্রতিটিতে ২০০ নম্বরের পরীক্ষা হবে। তালিকাভুক্ত বিষয়গুলি হল: এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ফরেস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। যে-সব বিষয়ের কম্বিনেশন নেওয়া যাবে না সেগুলি হল: (ক) এগ্রিকালচার ও এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, (খ) এগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (গ) এগ্রিকালচার ও ফরেস্ট্রি, (ঘ) কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, (ঙ) ম্যাথমেটিক্স ও স্ট্যাটিস্টিক্স। একাধিক ইঞ্জিনিয়ারিং বিষয়ও নেওয়া যাবে না। এ ক্ষেত্রে ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। উত্তর লিখতে হবে ইংরেজিতে। প্রতিটি পত্রের জন্য সময়সীমা ৩ ঘণ্টা করে। লিখিত পরীক্ষায় সফল হলে তবেই পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাক পাওয়া যাবে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## কোর্স, ট্রেনিং

□ ***ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম** টেকনোলজিতে টেক্সটাইল প্রসেসিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —রজত ঘোষাল, রায়গাছি, উত্তর ২৪ পরগনা।*

□□ টেক্সটাইল প্রসেসিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি। কোর্সটি করানো হবে বেনারস (উত্তরপ্রদেশ) এবং সালেমে (তামিলনাড়ু)। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শুরু জুলাই থেকে। শিক্ষাগত যোগ্যতা: হ্যান্ডলুম টেকনোলজি, হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল কেমিস্ট্রি, টেক্সটাইল প্রসেসিং— যে-কোনও একটি বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা সায়েন্সের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট অথবা হোম সায়েন্সে বি এসসি। সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১,৫০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা ও কাউন্সেলিংয়ের মাধ্যমে। আবেদনের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.handlooms.nic.in পূরণ করা আবেদনপত্র ২০ জুনের মধ্যে পাঠাবেন নির্দিষ্ট ঠিকানায়— বেনারসের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Chowkaghat, Varanasi-221 002 (U.P.). সালেমের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Foulkes Compound, Thillai Nagar, Salem-636 001 (Tamilnadu).

## ব্যাঙ্কিং

□ ***আই বি পি এসের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত** ব্যাঙ্কে আই টি অফিসার (স্কেল-ওয়ান) পদে নিয়োগের যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —জয়ন্তদীপ চক্রবর্তী, রাজনগর, বীরভূম।*

□□ আই বি পি এসের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে আই টি অফিসার (স্কেল-ওয়ান) পদে নিয়োগের যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক বা স্নাতকোত্তর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট এবং সঙ্গে ডোয়েকের 'বি' লেভেল পাশ। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ibps.in

## উচ্চশিক্ষা

□ ***পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং** বেসরকারি কলেজে ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রির ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা 'ইভেটস'-এ বসতে চাই। বিস্তারিত জানাবেন। —বোধিসত্ত্ব কর, হেমতাবাদ, উত্তর দিনাজপুর।*

□□ ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রির ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা 'ইভেটস'। পরীক্ষার আয়োজনে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংলিশে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ পাশ। তবে প্রতিটি বিষয়েই পাশ নম্বর থাকতে হবে। এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। পরীক্ষা নেওয়া হয়ে থাকে দু'টি পত্রে—ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রশ্ন হয় মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি পত্রে ৫০টি করে প্রশ্ন থাকে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দেখুন এই ওয়েবসাইট: www.wbjeeb.in

## অন্যান্য চাকরি

□ ***ভারতীয় নৌবাহিনীতে টেকনিক্যাল** বিভাগে ইঞ্জিনিয়ারিং শাখায় ট্রেনিং দিয়ে ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাঠরতদের নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সুনীল কর্মকার, মণিদহ, পশ্চিম মেদিনীপুর।*

□□ ভারতীয় নৌবাহিনীতে টেকনিক্যাল বিভাগে ইঞ্জিনিয়ারিং শাখায় ট্রেনিং দিয়ে ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাঠরতদের নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: পঞ্চম সেমেস্টার (ইন্টিগ্রেটেডের ক্ষেত্রে সপ্তম সেমেস্টার) পর্যন্ত মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক ডিগ্রি কোর্সে পাঠরত। শাখাগুলি হল: মেকানিক্যাল, মেরিন, ইনস্ট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস, অটোমোবাইল, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি ৬/২৪, ৬/২৪, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ন্যাভাল ক্যাম্পাস সিলেকশন টিমের ইন্টারভিউয়ে ডাকা হবে। এতে সফল হলে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউ। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউ। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে। সফল প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশন হবে। খুঁটিনাটি তথ্য বিষয়ে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ ***বর্ডার রোডস অর্গানাইজেশনে** ভেহিক্যাল মেকানিক পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? —প্রদীপ্ত মণ্ডল, রাণাঘাট, নদিয়া।*

□□ বর্ডার রোডস অর্গানাইজেশনে ভেহিক্যাল মেকানিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে মোটর ভেহিক্যাল বা ডিজেল বা হিট ইঞ্জিন মেকানিকের সার্টিফিকেট থাকতে হবে। অথবা আই টি আই থেকে ইন্টারনাল কমবাশন ইঞ্জিন বা ট্র্যাক্টর মেকানিক সার্টিফিকেট। অথবা আর্মি ইনস্টিটিউট বা সমতুল কোনও প্রতিষ্ঠান থেকে ডিফেন্স ট্রেড সার্টিফিকেট অথবা ডিফেন্স সার্ভিস রেগুলেশনস অনুসারে ভেহিক্যাল মেকানিক ক্লাস-টু কোর্স করে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি হতে হবে। ন্যূনতম ওজন হতে হবে ৫০ কেজি। এ ছাড়া চশমা-সহ বা চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ এবং খারাপ চোখে ৬/৩৬। বিস্তারিত জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.bro.gov.in

□ ***পুরুলিয়া ডিস্ট্রিক্ট অফিসে** অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —দেবজ্যোতি চৌধুরি, বুড়িবাঁধ, পুরুলিয়া।*

□□ পুরুলিয়া ডিস্ট্রিক্ট অফিসে অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কমার্সে অনার্স-সহ স্নাতক, সঙ্গে স্প্রেড শিট, ট্যালি ও প্রেজেন্টেশন প্যাকেজে কাজ এবং কম্পিউটারে এম এস অফিসের ব্যবহার জানতে হবে। কোনও সরকারি সংস্থা বা এন জি ও-য় অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ওয়েবসাইট: www.purulia.gov.in


**মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র**

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- **Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001** অথবা মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৯** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. লাক্ষাদ্বীপ কোন সাগরে অবস্থিত?
   A. বঙ্গোপসাগর B. আরব সাগর C. ভারত মহাসাগর
2. ভারতে সবথেকে কম বৃষ্টিপাত হয় কোথায়?
   A. কচ্ছ B. কাথিয়াবাড় C. জয়সলমীর
3. ভুটানের দীর্ঘতম নদী কী?
   A. মানস B. ব্রহ্মপুত্র C. গঙ্গা
4. মাইথন বাঁধ কোন নদীর উপর অবস্থিত?
   A. দামোদর নদ B. বরাকর নদী C. কাবেরী নদী
5. প্রাচীনকালে লীলাবতী কী ছিলেন?
   A. গায়িকা B. নর্তকী C. গণিতকার
6. কোনো সামন্তরিকের একটি কোণ সমকোণ হলে তার প্রত্যেক কোণ কী হবে?
   A. সমকোণ B. অসমকোণ C. কোনোটিই নয়
7. যেসব নক্ষত্র নির্দিষ্ট কক্ষপথে, নির্দিষ্ট গতিতে ও সময়ে গ্রহকে প্রদক্ষিণ করে তাদের কী বলে?
   A. জ্যোতিষ্ক B. উপগ্রহ C. নক্ষত্রপুঞ্জ
8. সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ কোনটি?
   A. বৃহস্পতি B. শনি C. ইউরেনাস
9. স্নেহ পদার্থ তুলে নেওয়া গুঁড়ো দুধের সঙ্গে জল ও মোষের দুধ মিশিয়ে যে দুধ তৈরি করা হয় তাকে কী বলা হয়?
   A. কাউ মিল্ক B. ফুল ক্রিম মিল্ক C. টোনড মিল্ক
10. ওজোন গ্যাসের রঙ কী?
    A. নীল B. সাদা C. ধূসর
11. মানুষের পেশি কলা সংখ্যায় না আকারে বাড়ে?
    A. সংখ্যায় B. আকারে C. একই থাকে
12. কোন ভাইরাস মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে দেয়?
    A. নীপা ভাইরাস B. ইবোলা ভাইরাস C. এইডস ভাইরাস

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ❑ | B ❑ | C ❑ |
| 2. | A ❑ | B ❑ | C ❑ |
| 3. | A ❑ | B ❑ | C ❑ |
| 4. | A ❑ | B ❑ | C ❑ |
| 5. | A ❑ | B ❑ | C ❑ |
| 6. | A ❑ | B ❑ | C ❑ |
| 7. | A ❑ | B ❑ | C ❑ |
| 8. | A ❑ | B ❑ | C ❑ |
| 9. | A ❑ | B ❑ | C ❑ |
| 10. | A ❑ | B ❑ | C ❑ |
| 11. | A ❑ | B ❑ | C ❑ |
| 12. | A ❑ | B ❑ | C ❑ |

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন ক্যুইজ

Name: ............

Address: ............

Pin Code: ............

Ph./Mob. No.: ............

জুন, ২০১৯

**ফেব্রুয়ারি, ২০১৯ ক্যুইজের উত্তর:** 1-A, 2-B, 3-C, 4-A, 5-B, 6-C, 7-A, 8-B, 9-C, 10-A, 11-B, 12-C

**ফেব্রুয়ারি, ২০১৯ ক্যুইজে পুরস্কার জয়ী :** পিয়ালি ঘোষ, কলকাতা; শ্রীমন্ত দত্ত, মুর্শিদাবাদ; সৌরভ সাহা, মালদা; সুব্রত দাস, মালদা; সুনিতা স্বর্ণকার, মালদা। **পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।**

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৪ জুন-১০ জুন

**৪ জুন** বারাকপুর লোকসভা ও ভাটপাড়া বিধানসভার উপনির্বাচনে জয়ের পর এ বার ভাটপাড়া পুরসভার কর্তৃত্বও দখল করলেন অর্জুন সিং। ভাইপো সৌরভ সিংকে সামনে রেখে চেয়ারম্যান নির্বাচনে যত সংখ্যক সমর্থন দরকার তার থেকেও ৮ জন বেশি কাউন্সিলরের সমর্থন পেল বিজেপি।

## ব্রিটেন সফরে রানির সঙ্গে সাক্ষাৎ ট্রাম্পের



**৪ জুন:** সস্ত্রীক ব্রিটেন সফরে গিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রানির সঙ্গে সাক্ষাৎ করলেন এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে-র সঙ্গে বৈঠক করলেন। ট্রাম্প-মে-র মধ্যে দু'দেশের বাণিজ্য চুক্তি নিয়ে ইতিবাচক কথা হয়েছে বলে জানা গিয়েছে। ট্রাম্প সফর নিয়ে ব্রিটেনে বহু মানুষ প্রতিবাদও জানিয়েছেন। মার্কিন প্রেসিডেন্টের লিমুজিন 'বিস্ট' যখন ডাউনিং স্ট্রিটে ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাসভবনের দিকে এগোচ্ছিল, তখনই লন্ডনের পার্লামেন্ট স্কোয়ারে উড়েছে ২০ ফুট উঁচু বেবি ট্রাম্প বেলুন। ট্রাম্প অবশ্য তাঁর টুইটে বলেন,'সামান্য ছোটখাট কিছু প্রতিবাদ হয়েছে দেখলাম। খুবই ছোট। ভুয়ো খবর দিয়ে ওগুলোই ছড়ানো হচ্ছে। আমি তো দারুণ ভালোবাসা পেয়েছি, চারদিকে আমেরিকা আর ব্রিটেনের পতাকা দেখছি।'



“পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আমি করজোড়ে অনুরোধ করছি, দয়া করে চিকিৎসক নিগ্রহের বিষয়টিকে নিজের সম্মানের লড়াই করে তুলবেন না। চিকিৎসকরা নিগৃহীত হওয়ার পরেও পরিষেবা দিতে রাজি। তাঁদের মাত্র দুটি দাবি রয়েছে। নিরাপত্তা নিশ্চিত করা এবং নিগ্রহে দোষীদের শাস্তি।”

**হর্ষবর্ধন,** *কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী*

পশ্চিমবঙ্গে চিকিৎসক নিগ্রহের ঘটনাকে ঘিরে হওয়া অচলাবস্থা কাটাতে

**আমেরিকায় যাওয়া নিয়ে নিজেদের** নাগরিকদের সতর্ক করল চিন। একই সঙ্গে চিনা বিদেশ মন্ত্রকের তরফে এক বিবৃতি জারি করে অভিযোগ করা হয়েছে, মার্কিন আধিকারিকেরা অনেক সময়েই চিনের নাগরিকদের হেনস্থা করতে তাঁদের আটক করে জেরা করেন। আমেরিকায় বসবাসকারী চিনা ছাত্রছাত্রীদেরও সেখানে থাকার ঝুঁকি বিচার করে দেখতে অনুরোধ করেছে প্রশাসন।

**৫ জুন** দেশের সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ ছাত্রবৃত্তি দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। 'পড়াও-ভরাও' নামের এই সরকারি পরিকল্পনা অনুযায়ী, দেশের ৫ কোটি সংখ্যালঘু ছাত্র-ছাত্রীকে আগামী পাঁচ বছরে বার্ষিক বৃত্তি দেবে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রকের তরফে জানানো হয়েছে, প্রধানমন্ত্রী ছাত্রবৃত্তির এই যোজনায় ৫ কোটি পড়ুয়ার মধ্যে বৃত্তির আওতায় আসবেন আড়াই কোটি ছাত্রীও। দেশের সর্বত্র সব স্তরে শিক্ষার প্রসারের লক্ষ্যেই এই উদ্যোগ বলে মন্ত্রকের তরফে জানানো হয়েছে। মন্ত্রক সূত্রে আরও বলা হয়েছে যে, আগামী পাঁচ বছরে সেই সব রাজ্যগুলিকে বাড়তি গুরুত্ব দেওয়া হবে, যেখানে সংখ্যালঘু শ্রেণির বাসিন্দারা বেশি বসবাস করেন।

**বিশ্বকাপ ক্রিকেটে নিজেদের প্রথম ম্যাচে** জয় দিয়ে শুরু করল ভারত। দক্ষিণ আফ্রিকাকে ছয় উইকেটে হারাল তারা। প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেটে ২২৭ রান তোলে দক্ষিণ আফ্রিকা। যুজবেন্দ্র চাহল ৪টি, বুমরা ও ভুবনেশ্বর ২টি করে এবং কুলদীপ ১টি উইকেট পান। ভারত ৪৭.৩ ওভারে ৪ উইকেটে ২৩০ রান তুলে নেয়। রোহিত শর্মা ১২২ রানে অপরাজিত থাকেন। ম্যাচের সেরাও হয়েছেন তিনি।

## প্রত্যর্পণ চুক্তি ঘিরে উত্তাল হংকং



**৯ জুন:** চিনের সঙ্গে নয়া প্রত্যর্পণ চুক্তি ঘিরে বিক্ষোভে উত্তাল হয়ে উঠল হংকং। 'এক দেশ দুই ব্যবস্থা' নীতির মধ্যে থাকলেও চিন হংকংয়ের স্বায়ত্ত শাসনে হস্তক্ষেপ করছে বলে দীর্ঘদিন ধরেই অভিযোগ ছিল হংকংবাসীদের। চিনের মূল ভূখণ্ডের সঙ্গে বন্দি প্রত্যর্পণ চুক্তি সই করার যে বিল সম্প্রতি হংকংয়ের পার্লামেন্টে পেশ হয়েছে তার প্রতিবাদেই এদিন হংকংয়ের রাস্তায় নামেন হাজারে হাজারে মানুষ। প্রতিবাদীদের যুক্তি ওই বিল আইনে পরিণত হয়ে গেলে চিনের কমিউনিস্ট পার্টি তাদের রাজনৈতিক প্রতিপক্ষকে মূল ভূখণ্ডে নিয়ে গিয়ে বিচার করার সুযোগ পেয়ে যাবে। যে বিচার হবে প্রহসনের সামিল। বিচার ব্যবস্থা থাকার যে স্বাতন্ত্র্য হংকংয়ের রয়েছে, ধীরে ধীরে তা লোপ পাবে বলে ধারণা হংকংবাসীদের। বেজিং কৌশলে এই স্বায়ত্তশাসিত অঞ্চলকে নিজেদের হাতের পুতুলে পরিণত করতে চায় বলে দাবি করেছেন বিক্ষোভকারীরা।

## পাঁচ জনকে উপমুখ্যমন্ত্রী করে নজির জগনের



**৭ জুন:** অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী জগন্মোহন রেড্ডি সে রাজ্যে উপমুখ্যমন্ত্রী পদে পাঁচ জনকে নিয়োগ করার কথা ঘোষণা করলেন। এদিন জগন জানান, অনগ্রসর পাঁচ সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবেন ওই পাঁচ জন। ভারতে যা নজিরবিহীন। পাঁচ উপমুখ্যমন্ত্রীর দু'জন চন্দ্রবাবু নায়ডুর মন্ত্রিসভাতেও ছিলেন। জগন জানিয়েছেন, আড়াই বছর বাদে আবার মন্ত্রিসভার রদবদল করবেন।

**৬ জুন** কাশ্মীর সহ সমস্ত বিষয় নিয়ে ভারতের সঙ্গে আলোচনা চেয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। তিনি জানান, কথা না বললে, দু'দেশের বিবাদ মেটা সম্ভব নয়। যদিও এর একদিন আগেই ভারত জানিয়েছে, 'সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনে'র সম্মেলনে আলাদা করে মোদী-ইমরান বৈঠক হচ্ছে না। এই বিষয়টির পাশাপাশি ইংল্যান্ডে চলা বিশ্বকাপ ক্রিকেটেও খেলার সঙ্গে রাজনীতিকে মিশিয়ে না ফেলার জন্য পাক দলকে নির্দেশ দিয়েছেন ইমরান। উল্লেখ্য, পুলওয়ামায় জঙ্গি হামলার প্রতিবাদে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে একটি ম্যাচে ভারতীয় খেলোয়াড়েরা সেনাবাহিনীর টুপি পরে খেলেছিলেন। বিশ্বকাপেও প্রাক্তন অধিনায়ক ধোনি নিজের উইকেট কিপিং গ্লাভসে সেনাবাহিনীর প্রতীক লাগিয়ে নামেন। যদিও আইসিসি বিষয়টিকে অনুমোদন করেনি।

**৮ জুন** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দপ্তর থেকে ফের পাকিস্তানকে জানিয়ে দেওয়া হল যে, ভারতীয় উপ মহাদেশে শান্তি প্রতিষ্ঠা করার সদিচ্ছা থাকলে পাকিস্তান সরকারকে সে দেশে সক্রিয় জঙ্গি গোষ্ঠীগুলির বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। হোয়াইট হাউসের তরফ থেকে এক বিবৃতিতে এদিন বলা হয়েছে, 'কিছু গোষ্ঠী পাকিস্তানে অবাধে ঘুরে বেড়াচ্ছে, অস্ত্র সংগ্রহ করছে, ভারতে ঢুকে হামলা চালাচ্ছে। আমেরিকা চায় পাকিস্তান তাদের গ্রেপ্তার করে আইনি প্রক্রিয়ার মাধ্যমে শাস্তি দিক।

**ভেনেজুয়েলার চরম আর্থিক দুর্দশায় সে** দেশের ৪০ লক্ষেরও বেশি নাগরিক দেশ ছেড়েছেন বলে জানাল রাষ্ট্রপুঞ্জ। লাতিন আমেরিকার এই দেশের শাসক নিকোলাস মাদুরোকে ক্ষমতাচ্যুত করার ডাক দিয়েছেন বিরোধী নেতা ও স্বঘোষিত প্রেসিডেন্ট হুয়ান গুয়াইডো। কিন্তু মাদুরো এখনও নিজের কর্তৃত্ব ছাড়তে নারাজ। রাজনৈতিক টানাপড়েনের জেরে পরিস্থিতি এমনই হয়েছে যে, দেশের ৪০ লক্ষেরও বেশি বাসিন্দা ইতিমধ্যেই পাড়ি দিয়েছেন অন্য দেশে। শুধু গত নভেম্বর থেকেই ১০ লক্ষ মানুষ দেশ ছেড়েছেন বলে রাষ্ট্রপুঞ্জের দাবি। লাতিন আমেরিকার ইতিহাসে এমন গণহারে দেশ ছাড়ার ঘটনা নজিরবিহীন বলে মনে করা হচ্ছে। রাষ্ট্রপুঞ্জের শরণার্থী সংক্রান্ত সংস্থা জানিয়েছে, ২০১৫ সালে যেখানে ভেনেজুয়েলার অভিবাসী ও শরণার্থী মিলিয়ে সংখ্যাটা ছিল ৬ লক্ষ ৯৫ হাজার, সেখানে মাত্র সাড়ে চার বছরের মধ্যে তা পৌঁছে গিয়েছে ৪০ লক্ষে। কলম্বিয়া ও পেরুতে সবচেয়ে বেশি সংখ্যক শরণার্থী আশ্রয় নিয়েছেন বলে জানা যাচ্ছে। এছাড়াও চিলি, ইকুয়েডর, ব্রাজিল ও আর্জেন্টিনাতেও বহু মানুষ আশ্রয় নিয়েছেন।

## ক্রিকেট থেকে অবসর নিলেন যুবরাজ



**১০ জুন:** ভারতীয় ক্রিকেটের অন্যতম সেরা অলরাউন্ডার যুবরাজ সিং সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন। রঞ্জি ট্রফি বা আইপিএল, ঘরোয়া কোনও রকম প্রতিযোগিতামূলক ক্রিকেটেই আর অংশ নেবেন না বলে জানিয়েছেন তিনি। এদিন মুম্বইয়ে নিজের অবসর ঘোষণা করে যুবরাজ বলেন, '১৭ বছর আন্তর্জাতিক ক্রিকেটে দেশের হয়ে প্রতিনিধিত্ব করতে গিয়ে নানা উত্থান-পতন এসেছে কেরিয়ারে। দারুণ অভিজ্ঞতা। কিন্তু সব কাহিনিরই শেষ আছে। এটাই সরে যাওয়ার সেরা সময়।' দেশের হয়ে ৪০টি টেস্ট, ৩০৪টি একদিনের আন্তর্জাতিক ম্যাচ ও ৫৮টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন যুবরাজ। টেস্টে তাঁর রান ১৯০০। একদিনের ম্যাচে করেছেন ৮৭০১ রান। ভারতীয়দের মধ্যে একদিনের ক্রিকেটে রানের নিরিখে তিনি সপ্তম। সেইসঙ্গে ১১১টি উইকেটও রয়েছে একদিনের খেলায়।

**৯ জুন** মালদ্বীপ সফর সেরে শ্রীলঙ্কায় গিয়ে সন্ত্রাস নিয়ে কড়া বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। জানালেন, সন্ত্রাস যে দু'দেশের পক্ষেই বিপজ্জনক তা নিয়ে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মৈত্রীপালা সিরিসেনার সঙ্গে তিনি একমত। এদিন শ্রীলঙ্কায় জঙ্গি হামলায় ক্ষতিগ্রস্ত সেন্ট অ্যান্টনি'জ চার্চেও যান তিনি। সেখানে হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপনের পরে মোদী বলেন,'আমি নিশ্চিত শ্রীলঙ্কা ফের ঘুরে দাঁড়াবে। এমন কাপুরুষের মতো হামলা শ্রীলঙ্কার মনোবল নষ্ট করতে পারবে না।' এদিনই অন্য একটি অনুষ্ঠানে সেদেশের প্রেসিডেন্ট সিরিসেনা মুসলিম মৌলবাদ সম্পর্কে সকলকে সতর্ক করেছেন। একসময়ের এলটিটিই ঘাঁটি হিসেবে পরিচিত মুল্লাইটিভুতে তিনি বলেন, 'শ্রীলঙ্কার রাজনৈতিক ও ধর্মীয় নেতারা এখন বিভক্ত। কিন্তু দেশ বিভক্ত হয়ে গেলে তার মূল্য দিতে হবে। উল্লেখ্য, ভেলুপিল্লাই প্রভাকরণের নেতৃত্বে এলটিটিই-র জঙ্গি কার্যকলাপের ফলে একসময়ে দীর্ঘস্থায়ী গৃহযুদ্ধের মুখে পড়তে হয়েছিল শ্রীলঙ্কাকে। এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শ্রীলঙ্কার শীর্ষস্থানীয় নেতা-নেত্রীদের সঙ্গে সাক্ষাতের পাশাপাশি তামিলদের রাজনৈতিক দল 'তামিল ন্যাশনাল অ্যালায়েন্স'-এর প্রতিনিধি দলের সঙ্গেও সাক্ষাৎ করেন।

## মালদ্বীপ সফরে গেলেন মোদী



**৮ জুন:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বিতীয় বারের প্রধানমন্ত্রিত্বের বিদেশ সফর শুরু হল মালদ্বীপ দিয়ে। ভারত মহাসাগরীয় অঞ্চলে চিনা নৌবাহিনীর গতিবিধির উপর নজর রাখার প্রশ্নে ভারত এক ধাপ এগিয়ে গেল। সফরের প্রথমদিনেই দীর্ঘকাল ধরে বিলম্বিত হওয়া 'কোস্টাল সার্ভেলেন্স রেডার সিস্টেম'-এর উদ্বোধন করলেন নরেন্দ্র মোদী এবং সে দেশের প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সোলি। 'ভারত ইলেকট্রনিক্সের' তৈরি এই রেডারগুলি গত বছরেই বসানো হয়ে গিয়েছিল। কিন্তু মালদ্বীপের এর আগের চিনপন্থী সরকার সেগুলিকে চালু করতে দেয়নি। গত নভেম্বরে ইব্রাহিম সোলি ক্ষমতায় আসার পর ফের সেই কাজ শুরু হয়। এর পাশাপাশি বেশ কিছু গুরুত্বপূর্ণ চুক্তিও সই হয়েছে দু'দেশের মধ্যে। তার মধ্যে রয়েছে দু'দেশের নৌচলাচল এবং প্রতিরক্ষা সংক্রান্ত তথ্য বিনিময় চুক্তি, জলবিজ্ঞান এবং স্বাস্থ্য সংক্রান্ত সহযোগিতা চুক্তি, প্রশাসনিক সংস্কারের ক্ষেত্রে প্রশিক্ষণ এবং দক্ষতা বাড়ানোর জন্য সমঝোতা চুক্তির মতো বিষয়গুলি। ক্রিকেটপ্রেমী মালদ্বীপের প্রেসিডেন্টের জন্য সফরের শুরুতেই ভারতীয় ক্রিকেটারদের সই করা একটি স্মারক ব্যাট মোদী উপহার দিয়েছেন সোলিকে। **ছবি: পি টি আই**

**ইংল্যান্ডে বিশ্বকাপ ক্রিকেটে নিজেদের** দ্বিতীয় খেলায় অস্ট্রেলিয়াকে ৩৬ রানে হারাল ভারত। প্রথমে ব্যাট করে ভারত ৫০ ওভারে ৫ উইকেটে ৩৫২ রান করে। ভারতের পক্ষে শিখর ধওয়ন ১১৭ এবং কোহলি ৮২ রান করেন। অস্ট্রেলিয়া জবাবে ৫০ ওভারে ৩১৬ রান তুলতে সমর্থ হয়। ম্যাচের সেরা হয়েছেন শিখর।

## ফরাসি ওপেন খেতাব বার্টি ও নাদালের



**৮ জুন:** প্যারিসের রোলাঁ গারোয় ফরাসি ওপেনে মহিলাদের সিঙ্গলস খেতাব জিতলেন অস্ট্রেলিয়ার অ্যাশলি বার্টি। দীর্ঘ ৪৫ বছর পর কোনও অস্ট্রেলীয় মহিলা টেনিস খেলোয়াড় এই খেতাব জিতলেন। ১৯৭৩ সালে শেষবার অস্ট্রেলীয় মহিলা হিসেবে রোলাঁ গারোয় ট্রফি পেয়েছিলেন মার্গারেট কোর্ট। এদিন ফাইনালে ২৩ বছর বয়সি বার্টি ৬-১, ৬-৩ ব্যবধানে হারালেন চেক প্রজাতন্ত্রের মার্কেতা ভনদ্রৌসোভাকে। বার্টির এটাই প্রথম গ্র্যান্ড স্লাম জয়। ফরাসি ওপেনে খেলতে আসার আগে তিনি ছিলেন বিশ্বের আট নম্বর। অন্যদিকে, ৯ জুন, ডমিনিক থিয়েমকে হারিয়ে আরও একবার ফরাসি ওপেনের সিঙ্গলস খেতাব জিতলেন রাফায়েল নাদাল। এদিন রোলাঁ গারোয় ৬-৩, ৫-৭, ৬-১, ৬-১ সেটে প্রতিপক্ষকে উড়িয়ে দেন নাদাল। ফরাসি ওপেনের এক ডজন খেতাবের সঙ্গে সঙ্গে মোট ১৮টা গ্র্যান্ড স্লাম জেতা হয়ে গেল নাদালের। ফেডেরারের ২০টা গ্র্যান্ড স্লামের থেকে আর মাত্র দুধাপ দূরে রয়েছেন তিনি। তৃতীয় স্থানে নোভাক জকোভিচ (১৫)।

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# পশ্চিমবঙ্গের ৪৬০ তরুণীকে

## অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং

৪৬০ জন তরুণীকে ২ বছরের অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্সে প্রশিক্ষণ দেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ। ন্যাশনাল আর্বান হেলথ মিশনের আওতায় এই প্রশিক্ষণ দেওয়া হবে। বিবাহিতা বা বিবাহবিচ্ছিন্না বা বিধবারা আবেদন করবেন। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর এইচ এফ ডব্লু/এন ইউ এইচ এম-২৩২/২০১৬/১৯২৭।

প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট আর্বান লোক্যাল বডি এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

সফলভাবে ট্রেনিং শেষে রাজ্যের বিভিন্ন জেলার আর্বান লোক্যাল বডিতে চাকরির সুযোগ রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করবেন না। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন**

✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্ট বা সরাসরি ২৬ জুনের মধ্যে পৌঁছতে হবে সংশ্লিষ্ট চিফ মেডিক্যাল অফিসার অব হেলথের অফিসে।

সংশ্লিষ্ট চিফ মেডিক্যাল অফিসার অব হেলথের অফিসের ঠিকানা এবং আর্বান লোক্যাল বডি অনুসারে আসনসংখ্যার বিবরণ-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স

জেনারেল নার্সিং এবং মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে রামকৃষ্ণ সারদা মিশন মাতৃভবনের স্কুল অব নার্সিং। এই কোর্সটি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল এবং ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত। শুধুমাত্র মহিলা প্রার্থীরাই এই কোর্সে আবেদন করতে পারবেন। প্রার্থীদের পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। সায়েন্স শাখার প্রার্থীদের অগ্রাধিকার। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করবেন না। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

কোর্সের মেয়াদ ৩ বছর।

নগদ ৪০০ টাকার বিনিময়ে আবেদনপত্র এবং প্রসপেক্টাস সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠানের অফিস থেকে। রবিবার ও ছুটির দিন বাদে সপ্তাহের যে-কোনও দিন সকাল ১০টা থেকে বিকেল ৪টের (শনিবার দুপুর ১২টা) মধ্যে ফর্ম সংগ্রহ করা যাবে। ফর্ম সংগ্রহের সময় উচ্চমাধ্যমিকের মার্কশিটের নকল দাখিল করতে হবে। ফর্ম দেওয়া হবে ২৯ জুন পর্যন্ত।

প্রতিষ্ঠানের ঠিকানা: রামকৃষ্ণ সারদা মিশন মাতৃভবন, স্কুল অব নার্সিং, ২৯, শ্রী মোহন লেন, কলকাতা-৭০০ ০২৬ (টালিগঞ্জ থানার পিছনে)। ফোন নম্বর: (০৩৩)২৪৬৪-৪১৮৯, ২৪৬৬-৮২০৭ (দুপুর ১টা থেকে বিকেল ৪টে)।

## HOOGHLY ENGINEERING & TECHNOLOGY COLLEGE SOCIETY SKILL DEVELOPMENT CENTRE (HETCS-SDC)

(A UNIT OF HOOGHLY ENGINEERING & TECHNOLOGY COLLEGE SOCIETY)

www.hetc.ac.in Hooghly Engineering & Technology College

033 2681 0505 94335 65643, 79800 83295, 98313 66180, 79804 86868, 83369 44091

APPROVED BY: NISE

**JOB ORIENTED HANDS-ON SKILL DEVELOPMENT COURSES**

হাতে কলমে কাজ শিখে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার সুবর্ণ সুযোগ।
কোর্স শেষে সরকারি সার্টিফিকেট ও প্লেসমেন্ট সহায়তার ১০০% গ্যারান্টি।

সম্পূর্ণ বিনামূল্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকার অনুমোদিত নিম্নলিখিত কোর্সগুলি ভর্ত্তির জন্য সত্ত্বর আবেদন করুন।

| Course Name | Minimum Eligibility Criteria | Course Duration | Course Fees | Intake Capacity | Approved By |
|---|---|---|---|---|---|
| Suryamitra Skill Development Programme | ITI in Electrician / Wireman / Electronics Mechanic / Fitter / Sheet Metal, Diploma in Electrical, Mechanical, Electronics & related branches | 600 Hrs. | NIL | 30 students per batch | National Institute of Solar Energy (NISE), under Ministry of New and Renewable Energy, Govt. of India |
| Domestic IT Help Desk Attendant | 12th standard pass | 400 Hrs. | NIL | 30 students per batch | Paschim Banga Society for Skill Development (PBSSD), Department of Technical Education, Training & Skill Development, Govt. of West Bengal |
| Junior Software Developer | 10th standard pass | 400 Hrs. | NIL | 30 students per batch | |
| Telecom Tower Technician | 12th standard pass | 300 Hrs. | NIL | 30 students per batch | |
| Telecom Terminal Equipment Application Developer (Android) | 10th standard pass with knowledge in Java Programming | 250 Hrs. | NIL | 30 students per batch | |
| Solar and LED Technician | 12th standard pass | 360 Hrs. | NIL | 30 students per batch | |
| Field Technician Network and Storage | 12th / Diploma (Electrical, Electronics & Communications, Computer Science, IT and related branches) | 360 Hrs. | NIL | 30 students per batch | |
| Mason General | 5th standard pass | 400 Hrs. | NIL | 30 students per batch | |

BIODATA, ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, আধার কার্ড ও BANK PASSBOOK এর প্রথম পাতার প্রতিলিপি সহ আবেদন করুন ঃ sdcadmission@hetc.ac.in, Hooghly Engineering & Technology College, Vivekananda Road, Pipulpati, Hooghly, West Bengal - 712103






Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. জলে বেশি পরিমাণ ইউট্রোফিকেশান সমস্যার সৃষ্টি করে:
(a) কার্বনেট যৌগ (b) সালফেট যৌগ (c) ফসফেট যৌগ (d) সিলিকেট যৌগ
2. সিসটোসোমিয়াসিস রোগ ছড়ায়:
(a) মাছ (b) শামুক (c) কাঁকড়া (d) ঝিনুক
3. কলেরা রোগ:
(a) বায়ুবাহিত (b) মৃত্তিকাবাহিত (c) জলবাহিত (d) তেজস্ক্রিয় পদার্থবাহিত
4. 1987 সালের 16 সেপ্টেম্বর সম্পাদিত পরিবেশ সংক্রান্ত চুক্তি কী নামে পরিচিত?
(a) কিয়োটো চুক্তি (b) মন্ট্রিল চুক্তি (c) বসুন্ধরা চুক্তি (d) স্টকহোম চুক্তি
5. NCEP-এর পূর্ণ রূপ হল:
(a) National Commission for Environmental Protection (b) National Centers for Environmental Prediction (c) National Committee of Environmental Protection (d) National Council of Environmental Programme
6. ওজোনস্তরের সর্বাধিক ক্ষয় দেখা যায়:
(a) আন্টার্কটিকা অঞ্চলে (b) আর্কটিক অঞ্চলে (c) ভূমধ্যসাগরীয় অঞ্চলে (d) নিরক্ষীয় অঞ্চলে
7. WHO সর্বাধিক দূষণযুক্ত মহানগর হিসেবে চিহ্নিত করেছে:
(a) কলকাতাকে (b) মুম্বইকে (c) দিল্লিকে (d) চেন্নাইকে
8. চের্নোবিল দুর্ঘটনায় নির্গত তেজস্ক্রিয় আইসোটোপগুলি হল:
(a) ক্রোমিয়াম, লিথিয়াম, সোডিয়াম (b) পটাশিয়াম, বেরিয়াম, ম্যাগনেশিয়াম (c) ক্রিপটন, আয়োডিন, সিজিয়াম (d) হিলিয়াম, নিয়ন, ক্রিপটন
9. চিপকো আন্দোলনের নেতৃত্ব দেন:
(a) অরুন্ধতী রায় (b) মহাশ্বেতা দেবী (c) মেধা পাটেকর (d) সুন্দরলাল বহুগুনা
10. আলোর ক্ষুদ্রতম কণিকার নাম:
(a) ফোটন কণা (b) ক্রোটন কণা (c) প্রোটন কণা (d) ক্রিপটন কণা
11. কাচের ঘরে উদ্ভিদ প্রতিপালন করা হয়:
(a) গ্রীষ্মপ্রধান জলবায়ুতে (b) শীতপ্রধান জলবায়ুতে (c) নাতিশীতোষ্ণ জলবায়ুতে (d) মরু জলবায়ুতে
12. ওজোন গ্যাসের ঘনত্ব বেশি থাকে:
(a) নিরক্ষীয় অঞ্চলে (b) ক্রান্তীয় অঞ্চলে (c) উপমেরু অঞ্চলে (d) মেরু অঞ্চলে
13. সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ গ্রিন হাউস গ্যাস হল:
(a) CFC (b) $CO_2$ (c) CO (d) $SO_2$
14. ইটাই ইটাই রোগের জন্য দায়ী:
(a) মিথাইল পারদ (b) ক্যাডমিয়াম (c) সীসা (d) দস্তা
15. নীচের কোন দেশটি G-8 -এর সদস্য নয়?
(a) জার্মানি (b) ফ্রান্স (c) ইতালি (d) সুইডেন
16. নীচের কোন অ্যাসিড অম্লবৃষ্টিতে সর্বনিম্ন প্রভাব ফেলে?
(a) HCl (b) $H_2CO_3$ (c) $H_2S$ (d) $HNO_3$
17. 3P Means:
(a) Population Poverty, Pollution (b) Population, Perception, Preservation (c) Population, Power Generation, Precaution (d) Population, Plantation, Preparation
18. যে কারণে ব্ল্যাক ফুট হয়:
(a) আর্সেনিক দূষণ (b) সীসা দূষণ (c) পারদ দূষণ (d) অ্যাসবেসটস দূষণ
19. নীচের কোন প্রাণী সংরক্ষণালয়ে অলিভ রিডল কচ্ছপ সংরক্ষিত হয়?
(a) সিমলিপাল (b) ভিতরকণিকা (c) সজনেখালি (d) ভরতপুর
20. ওজোন গ্যাসের রং:
(a) লাল (b) বেগুনি (c) নীল (d) সবুজ
21. বর্ণালীর কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?
(a) লাল (b) নীল (c) বেগুনি (d) আশমানি
22. নীচের কোনটি অ্যাজেট গ্যাস?
(a) হাইড্রোজেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) নাইট্রোজেন (d) হিলিয়াম
23. বায়ুমণ্ডলের সর্বনিম্ন স্তর কোনটি?
(a) ট্রপোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) থার্মোস্ফিয়ার
24. কাকে 'Chemical Messenger' বলে?
(a) ভিটামিন (b) হরমোন (c) খনিজ লবণ (d) জল
25. বন্দিপুর জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) কেরল (c) কর্নাটক (d) মহারাষ্ট্র
26. নীচের কোনটি লাফিং গ্যাস?
(a) হাইড্রোজেন সালফাইড (b) নাইট্রাস অক্সাইড (c) জিঙ্ক সালফেট (d) কপার সালফেট
27. বন্যপ্রাণী সংরক্ষণ আইন কত সালে পাশ হয়?
(a) 1970 সালে (b) 1971 সালে (c) 1972 সালে (d) 1973 সালে
28. হাইপো হল:
(a) সোডিয়াম থায়োসালফেট (b) সোডিয়াম ক্লোরাইড (c) ক্যালশিয়াম ক্লোরাইড (d) ম্যাগনেশিয়াম ক্লোরাইড
29. কুইনাইন কোন রোগের ঔষধ?
(a) ফাইলেরিয়া (b) কিউজ্বর (c) ম্যালেরিয়া (d) পীত জ্বর
30. কলিচুন হল:
(a) ক্যালশিয়াম হাইড্রক্সাইড (b) ক্যালশিয়াম অক্সাইড (c) ম্যাগনেশিয়াম হাইড্রক্সাইড (d) ম্যাগনেশিয়াম অক্সাইড
31. রাশিয়ার মুদ্রার নাম:
(a) ক্রোনার (b) দিনার (c) রুবল (d) পেসো
32. নীচের কোনটি অ্যানাড্রোমাস মাছ?
(a) টুনা (b) ইলিশ (c) ঈল (d) হেরিং
33. কোন নদীর গতিপথে ভিক্টোরিয়া জলপ্রপাত অবস্থিত?
(a) কঙ্গো (b) নীল (c) নাইজার (d) জাম্বেজি
34. বাওবাব জাতীয় বৃক্ষ দেখা যায়:
(a) নিরক্ষীয় চিরহরিৎ অরণ্যে (b) সাভানা তৃণভূমিতে (c) ভূমধ্যসাগরীয় অঞ্চলে (d) মরু অঞ্চলে
35. পৃথিবীর উচ্চতম নদীবাঁধ হল:
(a) নাগহামাদি (b) অ্যাসিউট (c) এসনা (d) আসোয়ান
36. কী উৎপাদনে নীলনদ অববাহিকা পৃথিবীবিখ্যাত?
(a) গম (b) ধান (c) তুলা (d) পাট
37. ব্যাসল্টের পরিবর্তিত রূপ হল:
(a) নিস (b) অ্যাম্ফিবোলাইট (c) কোয়ার্ট জাইট (d) হর্নব্লেন্ড
38. কোন শিলার জলধারণ ক্ষমতা সবচেয়ে বেশি?
(a) আগ্নেয় শিলা (b) পাললিক শিলা (c) রূপান্তরিত শিলা (d) আম্লিক শিলা
39. পৃথিবীর বৃহত্তম গ্রস্ত উপত্যকা কোন মহাদেশে অবস্থিত?
(a) এশিয়া (b) আফ্রিকা (c) ইউরোপ (d) অস্ট্রেলিয়া
40. রেললাইনের ধারে পড়ে থাকা পাথরগুলি হল:
(a) গ্রানাইট (b) নিস (c) ব্যাসল্ট (d) বেলেপাথর
41. জাকাত হল:
(a) কৃষি জমির ওপর কর (b) যুদ্ধে লুট করা সম্পত্তির ওপর কর (c) অমুসলমানদের কাছ থেকে কর (d) মুসলমানদের সম্পত্তির ওপর কর
42. বাজারদর নিয়ন্ত্রণ ব্যবস্থা বলবৎ করেন:
(a) মহম্মদ বিন তুঘলক (b) ইলতুৎমিস (c) আলাউদ্দিন খলজি (d) কুতুবউদ্দিন আইবক
43. জাহানপনাহ শহরটির প্রতিষ্ঠাতা কে?
(a) আলাউদ্দিন খলজি (b) পৃথ্বীরাজ (c) গিয়াসউদ্দিন তুঘলক (d) মহম্মদ বিন তুঘলক
44. জমি জরিপের ভিত্তিতে রাজস্ব নির্ধারণ করার পদ্ধতিকে বলে:
(a) জাবতি (b) দহ (c) জায়গির (d) খামস
45. দিল্লিতে দাস বংশের প্রতিষ্ঠাতা হলেন:
(a) ইলতুৎমিস (b) রাজিয়া (c) কুতুবউদ্দিন আইবক (d) গিয়াসউদ্দিন বলবন
46. পাট্টা ও কবুলিয়ত চালু করেন:
(a) শিবাজি (b) শেরশাহ (c) আকবর (d) বাবর
47. কাকে পার্বত্য মুষিক বলা হয়?
(a) শিবাজি (b) শেরশাহ (c) আকবর (d) বাবর
48. পুলিৎজার পুরস্কার কীসের জন্য দেওয়া হয়?
(a) সাহিত্য (b) চিত্রকলা (c) সাংবাদিকতা (d) অর্থনীতি
49. 2018 বিশ্বকাপ ফুটবল রানার্স দলটির নাম কী?
(a) ফ্রান্স (b) ক্রোয়েশিয়া (c) বেলজিয়াম (d) জাপান
50. গ্রন্থসাহিব কাদের ধর্মগ্রন্থ?
(a) পারসি (b) খ্রিস্টান (c) জৈন (d) শিখ
51. খেলোয়াড়, বালক, ছাত্রছাত্রী বোঝাতে কোন চিত্রটি সঠিক?



(a) (b) (c) (d)

52. যদি A বলতে '+', B বলতে '×', C বলতে + এবং D বলতে '–' বোঝায় তাহলে 35 A 7 C 4 B 6 D 15 = ?
(a) 39 (b) 47 (c) 14 (d) 10
53. সোনালিকে দেখিয়ে অমিত বলেছিল, তার বাবার একমাত্র পুত্র আমার বাবা, তাহলে অমিল সোনালির কে হবে?
(a) ছেলে (b) ভাই (c) বাবা (d) ভাইপো
54. দ্বীপ, সমুদ্র, পর্বত বোঝাতে কোন ভেনচিত্রটি ঠিক?



(a) (b) (c) (d)

55. হাত-এর সঙ্গে লেখার যে সম্পর্ক, পা-এর সঙ্গে সম্পর্ক __?__ ।
(a) মোজার (b) আঙুলের (c) চলার (d) জুতোর
56. 1, 2, 6, 15, 31, __?__ .
(a) 50 (b) 52 (c) 56 (d) 60
57. বিষম সংখ্যা কোনটি?
24, 27, 31, 33, 36
(a) 24 (b) 27 (c) 31 (d) 33
58. লুপ্ত সংখ্যা কোনটি?
3, 6, 12, 21, ?, 48
(a) 33 (b) 38 (c) 40 (d) 45
59. 29 জন ছাত্রের মধ্যে রাজিবের অবস্থান সামনের দিক থেকে 14তম হলে পিছনের দিক থেকে কত?
(a) 17 (b) 16 (c) 15 (d) 18
60.

| | | |
|---|---|---|
| 5 | 8 | 13 |
| 6 | 9 | 15 |
| 4 | 12 | ? |
| 60 | 432 | 1560 |

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

# আই সি ডি এস সুপারভাইজর

## নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১ সেপ্টেম্বর

. মানবদেহের 'BMR' বাড়ায় কোন হরমোন?
(a) ইনসুলিন (b) অ্যাড্রিনালিন (c) থাইরক্সিন (d) অক্সিন
2. সেলসিয়াস স্কেলের ডাক্তারি থার্মোমিটার কত ডিগ্রি থেকে কত ডিগ্রি পর্যন্ত থাকে?
(a) $36°–45°$ (b) $33°–42°$ (c) $37°–44°$ (d) $35° – 43°$
3. 'লাব' ও 'ডুপ' শব্দ দু'টি মানুষের শরীরের কোন অঙ্গের সঙ্গে সম্পর্কিত?
(a) হার্ট (b) চোখ (c) নাক (d) কান
4. Vitamin-$K_1$-এর রাসায়নিক নাম হল:
(a) সায়ানোকোবালিন (b) ফাইলোকুইনন (c) অ্যাসকরবিক অ্যাসিড (d) টোকোফেরল
5. পলিস্যাকারাইড হল:
(a) গ্লাইকোজেন (b) গ্লুকোজ (c) ল্যাকটোজ (d) ফ্রুকটোজ
6. আয়োডিনের অভাবে কী রোগ হয়?
(a) স্কার্ভি (b) বেরিবেরি (c) রিকেট (d) গলগন্ড
7. 'প্লাসমোডিয়াম ভাইভ্যাক্স' হল:
(a) ব্যাক্টেরিয়া (b) প্রোটোজোয়া (c) ভাইরাস (d) ছত্রাক
8. বর্ণান্ধ ব্যক্তিদের গাড়ি চালানো লাইসেন্স প্রদান করা হয় না— তারা নীচের কোন দু'টি রঙের পার্থক্য করতে পারে না?
(a) সবুজ ও হলুদ (b) লাল ও কমলা (c) লাল ও সবুজ (d) লাল ও হলুদ
9. 'খ্রিস্টমাস' রোগ হল:
(a) পোলিও (b) ডাউন সিন্ড্রোম (c) থ্যালাসেমিয়া (d) হিমোলিফিয়া-বি
10. জনসংখ্যা সংক্রান্ত বিজ্ঞান চর্চাকে বলা হয়:
(a) ডেন্টোলজি (b) ডেমোগ্রাফি (c) ডেমোলজি (d) ডেসমোলজি
11. প্রকৃতির বৃক্ক বলা হয়:
(a) জলাভূমিকে (b) স্থলভূমিকে (c) সবুজ জমিকে (d) কোনওটিই নয়
12. 'মাস্কিং' কথাটি কোন প্রকার দূষণের সঙ্গে সম্পর্কিত?
(a) জলদূষণ (b) শব্দদূষণ (c) বায়ুদূষণ (d) সবক'টি
13. চাল ধোওয়া জলের মতো পায়খানা, কোন রোগের লক্ষণ:
(a) পোলিও (b) টিটেনাস (c) হেপাটাইটিস (d) কলেরা
14. একজন সুস্থ প্রাপ্তবয়স্ক মানুষের স্বাভাবিক ডায়াস্টোলিক ব্লাড প্রেসার কত হয়?
(a) 80-100 mmHg (b) 70-100 mmHg (c) 70-80 mmHg (d) 70-90 mmHg
15. মানুষের শরীরে কোন শিরা দিয়ে বিশুদ্ধ রক্ত প্রবাহিত হয়?
(a) পোর্টাল (b) করোনারি (c) পালমোনারি (d) সিস্টেমিক
16. নীচের কোনটি শর্করা নয়?
(a) গ্লিসারিন (b) সেলুলোজ (c) ডেক্সট্রিন (d) গ্লুকোজ
17. নিয়াসিনের অভাবে কোন রোগ হয়?
(a) ইটাই ইটাই (b) পেলেগ্রা (c) মিনামাটা (d) ডিপথেরিয়া
18. ঠোঁটের কোণে ঘা কীসের অভাবে হয়?
(a) সায়ানোকোবালিন (b) রাইবোফ্লেবিন (c) থায়ামিন (d) আয়োডিন
19. কোন শব্দজোড়াটি সঠিক নয়?
(a) আমলকী : ভিটামিন-এ (b) ঢেঁকিছাঁটা চাল: ভিটামিন-বি (c) কাঁচালঙ্কা : ভিটামিন-সি (d) সবুজ শাকসবজি : ভিটামিন-কে
20. ডিসলেক্সিয়া (Dyslexia) এক ধরনের:
(a) মানসিক অক্ষমতা (b) শিখন অক্ষমতা (c) শারীরিক রোগ (d) মানসিক রোগ
21. 'Ice Berg' অসুখের উদাহরণ হল:
(a) হাইপারটেনশন (b) সাধারণ জ্বর (c) ভাইরাল জ্বর (d) সর্দি-কাশি
22. দুধে ফ্যাটের পরিমাণ কমে যায়:
(a) গ্রীষ্মকালে (b) শীতকালে (c) বর্ষাকালে (d) কোনওটিই নয়
23. নীচের কোন রোগ ক্ষতিকর বিভিন্ন ছত্রাক ও ফুলের রেণু থেকে হতে পারে?
(a) অ্যালার্জি (b) অ্যানথ্রাক্স (c) অ্যানিমিয়া (d) জন্ডিস
24. 'অ্যান্টিমনি সালফাইড' ব্যবহার করা হয়:
(a) ওয়াটার গ্যাসে (b) দেশলাই কাঠিতে (c) সবুজ শাকসবজিতে (d) রক্তপরীক্ষায়
25. নীচের কোনটি প্রয়োজনীয় অ্যামাইনো অ্যাসিড নয়?
(a) অ্যাগ্রিনাইন (b) ট্রিপ্টোফেন (c) অ্যালানাইন (d) থ্রিয়োনাইন
26. খাদ্যে প্রোটিনের অভাব ঘটলে কোন রোগ হয়?
(a) জন্ডিস (b) কোয়াশিওকর (c) হাইপোগ্লাইসেমিয়া (d) ম্যারাসমাস
27. মানুষের রক্তের স্বাভাবিক প্লেটলেট সংখ্যা হল:
(a) 50000-350000/$mm^3$g blood (b) 50000-300000/$mm^3$g blood (c) 150000-200000/$mm^3$s blood (d) 150000-350000/$mm^3$g blood
28. এক গ্রাম প্রোটিন কত ক্যালোরি সমান?
(a) 15 (b) 7 (c) 9 (d) 4
29. ORS-এর উপাদানগুলি হল:
(a) Nacl, KCl, Mgcl, $H_2O$ (b) Nacl, KCl, Sugar, $H_2O$ (c) Nacl, KCl, Sodium citrate, Sugar, $H_2O$ (d) Nacl, Sodium citrate, $H_2O$
30. 'হুক ওয়ার্ম' দেহে প্রবেশ করে:
(a) নিঃশ্বাসের মাধ্যমে (b) ত্বকের মাধ্যমে (c) খাবারের মাধ্যমে (d) পানীয় জলের মাধ্যমে
31. 'ন্যাশনাল রুরাল হেলথ মিশন' (NRHM) কত সাল পর্যন্ত চালু ছিল?
(a) 2010 (b) 2012 (c) 2015 (d) 2014
32. 'মিডনাইট চিলড্রেন' বইটির লেখক হলেন:
(a) সলমন রুশদি (b) জন রাসকিন (c) বরিস ইয়েলৎসিন (d) টমাস মোর
33. জাতীয় মহিলা কমিশন কত সালে স্থাপিত হয়?
(a) 1993 (b) 1990 (c) 1996 (d) 1992

এরপর বারোর পাতায়

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 18 (b) 16 (c) 14 (d) 20

61. A এবং B দুই ভাই। C এবং D দুই বোন। A-এর ছেলে D -এর ভাই, তাহলে B এবং C-এর মধ্যে সম্পর্ক কী?

(a) দাদু (b) বাবা (c) মামা (d) কাকা

62. অমিল কোনটি?

(a) গোলক (b) উপবৃত্ত (c) বৃত্ত (d) ঘনক

63. ____ op ___ mo ___ n ___ ___ pnmop ___.

(a) mnompn (b) mpnmop (c) mnpmon (d) mponmn

64. যদি HOTEL = 55 হয়, তবে BORE = ?

(a) 55 (b) 36 (c) 40 (d) 60

65. EXAMINATION শব্দটির দ্বারা নীচের কোন শব্দটি তৈরি করা যাবে না?

(a) TAXI (b) NATION (c) XEROX (d) TOXIN

66. যদি HAND = 1357 হয়, SOFT = 2468 হয়, তবে 21448 = ?

(a) SCHOOL (b) SHOOT (c) SHOOP (d) SHOOL

67. যদি DRIVER = 76, TRUCK = 73 হয়, তবে MOPAD = ?

(a) 55 (b) 45 (c) 59 (d) 49

68. GREEN = FSDFM হলে, BLUE = যা হবে তার শেষ অক্ষর হবে:

(a) F (b) R (c) D (d) P

69. এখানে ক'টি ত্রিভুজ আছে?



(a) 14 (b) 16 (c) 18 (d) 20

70. AE, GK, LQ, RV, ?

(a) WZ (b) WB (c) YC (d) XB

71. BF, GH, JK, NO, ?

(a) RS (b) QR (c) ST (d) TU

72. 13, 16, 22, 34, ?


(a) 52 (b) 48 (c) 62 (d) 58

73. গাজর, খাদ্য ও সবজির মধ্যে সম্পর্কযুক্ত ভেনচিত্র কোনটি?



(a) (b) (c) (d)

74. R = ব্যবসায়ী, S = ধনী, T = সৎব্যক্তি। কোন সংখ্যাটি ধনী ব্যক্তিকে বোঝাচ্ছে?




(a) 4 (b) 5 (c) 3 (d) 2

75. 3, 5, 7, ?, 11

(a) 8 (b) 9 (c) 10 (d) 12

76. হাতের লেখা 105 পাতার একটি বইয়ের প্রতি পাতায় 25টি করে লাইন এবং প্রতি লাইনে 8টি করে শব্দ আছে। এই বইটি যদি এমনভাবে ছাপানো হয় যে প্রতি পাতায় 30টি লাইন এবং প্রতি লাইনে 10টি শব্দ থাকবে তবে বইটি কত পাতার হবে?

(a) 96 পাতা (b) 84 পাতা (c) 76 পাতা (d) 70 পাতা

77. এক ব্যক্তি বার্ষিক $7\frac{1}{2}$% সরল সুদের হারে 400 টাকা ঋণ করার এক বছর পর বার্ষিক 8% সরল সুদের হারে আরও 400 টাকা ঋণ করেন। প্রথম ঋণগ্রহণ করার কত বছর পর তাঁর উভয় ঋণের সুদ সমান হবে?

(a) 12 বছর (b) 16 বছর (c) 20 বছর (d) 24 বছর

78. বন্যায় অবরুদ্ধ একটি গ্রামের লোকসংখ্যার 68% স্ত্রীলোক ও শিশু। প্রথম দিন রাত্রে তাঁদের 80%-কে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হল। পরদিন সকালে দেখা গেল আরও 85 জনকে সরিয়ে নিলেই সমস্ত শিশু ও স্ত্রীলোককে সরিয়ে নেওয়া হবে। ওই গ্রামের জনসংখ্যা কত ছিল?

(a) 560 (b) 590 (c) 625 (d) 656

79. যদি A : B = 3 : 4 এবং B : C = 6 : 5 হয় তাহলে A : B : C-এর মান নির্ণয় করুন।

(a) 3 : 4 : 10 (b) 9 : 12 : 10 (c) 3 : 6 : 8 (d) 9 : 12 : 8

80. A ও B নল দিয়ে একটি চৌবাচ্চাকে যথাক্রমে 6 মিনিটে ও 12 মিনিটে ভর্তি করা যায় এবং C নল দিয়ে চৌবাচ্চাটি খালি হয় 8 মিনিটে। তিনটি নল একসঙ্গে খোলা থাকলে কতক্ষণে শূন্য চৌবাচ্চাটি পূর্ণ হবে?

(a) 8 মিনিটে (b) $8\frac{1}{2}$ মিনিটে (c) $8\frac{3}{4}$ মিনিটে (d) 9 মিনিটে

81. 27 মিটার দৈর্ঘ্য এবং 21 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার উঠোনকে সমান আকারের বর্গাকার পাথর দিয়ে ঢাকতে ক'টি পাথর লাগবে?

(a) 56টি (b) 60টি (c) 63টি (d) 69টি

82. রাম ও শ্যাম একটি ব্যবসা আরম্ভ করল যাতে রামের মূলধন 8000 টাকা। বছর শেষে 3600 টাকা লাভ হলে এবং তা থেকে রাম 1600 টাকা পেলে, শ্যামের মূলধন কত ছিল?

(a) 6000 টাকা (b) 7200 টাকা (c) 8800 টাকা (d) 10000 টাকা

83. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 4 : 3। যদি দ্বিতীয় ট্রেনটি 4 ঘণ্টায় 72 কিলোমিটার যায় তাহলে প্রথম ট্রেনটি 3 ঘণ্টায় কতটা পথ যাবে?

(a) 72 কিলোমিটার (b) 56 কিলোমিটার (c) 84 কিলোমিটার (d) 96 কিলোমিটার

84. একপ্রকার পিতলে তামা ও দস্তার অনুপাত 7 : 4 এরূপ 33 কিলোগ্রাম পিতলে 6 কিলোগ্রাম দস্তা মেশালে তামা ও দস্তার অনুপাত কী হবে?

(a) 5 : 4 (b) 7 : 6 (c) 8 : 7 (d) 4 : 3

85. বার্ষিক $6\frac{1}{4}$% হারে সরলসুদে 292 টাকার 1 দিনের সুদ নির্ণয় করুন।

(a) 6 পয়সা (b) 8 পয়সা (c) 5 পয়সা (d) 7 পয়সা

86. 100 এবং 150-এর মধ্যবর্তী 8-এর গুণিতক সংখ্যাগুলির যোগফল কত?

(a) 744 (b) 644 (c) 544 (d) 844

87. A ও B একটি কাজ একত্রে 16 দিনে করতে পারে। A একা কাজটি 20 দিনে করলে B কতদিনে একা কাজটি শেষ করতে পারবে?

(a) 40 দিনে (b) 45 দিনে (c) 60 দিনে (d) 80 দিনে

88. 12% সরলসুদে 1200 টাকা 12 বছর পর সুদে-আসলে কত টাকা হবে?

(a) 2728 টাকা (b) 2828 টাকা (c) 2928 টাকা (d) 3028 টাকা

89. $\sqrt{2}$ -এর মান কত?

(a) 1.441 (b) 1.414 (c) 1.144 (d) 1.148

90. ডিজেলের মূল্য 40 টাকা থেকে বৃদ্ধি পেয়ে 43 টাকা হল। বৃদ্ধির শতকরা হার কত?

(a) 6% (b) 7.5% (c) 8% (d) 10%

91. 12টি সাবানের ওজন 5604 কিলোগ্রাম হলে, 5টি সাবানের ওজন কত হবে?

(a) 2775 কিলোগ্রাম (b) 2725 কিলোগ্রাম (c) 2535 কিলোগ্রাম (d) 2335 কিলোগ্রাম

92. স্টেশনে দাঁড়ানো এক ব্যক্তিকে 280 মিটার লম্বা ট্রেন 14 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত ছিল?

(a) 72 কিলোমিটার (b) 66 কিলোমিটার (c) 60 কিলোমিটার (d) 54 কিলোমিটার

93. দু'টি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে 45 ও 9। একটি সংখ্যা 15 হলে অপরটি হবে:

(a) 45 (b) 3 (c) 27 (d) 18

94. 81 কিলোগ্রাম চিনির মূল্য 2432 টাকা হলে 3002 টাকায় কত কিলোগ্রাম চিনি পাওয়া যাবে?

(a) 94 কিলোগ্রাম (b) 99 কিলোগ্রাম (c) 101 কিলোগ্রাম (d) 100 কিলোগ্রাম

95. একটি জলাধার প্রথম পাইপ দিয়ে 4 মিনিটে পূর্ণ হয় এবং অপর পাইপ দিয়ে 5 মিনিটে খালি হয়। যদি দু'টি পাইপই একসঙ্গে খোলা থাকে, তবে জলাধারটি কত মিনিটে ভর্তি হবে?

(a) 15 মিনিটে (b) 20 মিনিটে (c) 25 মিনিটে (d) 30 মিনিটে

96. $39.05 \times 14.95 - 27.99 \times 10.12 = (36 + ?) \times 5$

(a) 45 (b) 50 (c) 24 (d) 75

97. রাজু 432 টাকায় একটি চেয়ার বিক্রি করায় তার 6% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে 8% লাভ হত?

(a) 486 টাকা (b) 494 টাকা (c) 502 টাকা (d) 504 টাকা

*এরপর বারোর পাতায়*




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 18 (b) 16 (c) 14 (d) 20

61. A এবং B দুই ভাই। C এবং D দুই বোন। A-এর ছেলে D-এর ভাই, তাহলে B এবং C-এর মধ্যে সম্পর্ক কী?
(a) দাদু (b) বাবা (c) মামা (d) কাকা

62. অমিল কোনটি?
(a) গোলক (b) উপবৃত্ত (c) বৃত্ত (d) ঘনক

63. ____ op ___ mo ___ n ___ ___ pnmop ___.
(a) mnompn (b) mpnmop (c) mnpmon (d) mponmn

64. যদি HOTEL = 55 হয়, তবে BORE = ?
(a) 55 (b) 36 (c) 40 (d) 60

65. EXAMINATION শব্দটির দ্বারা নীচের কোন শব্দটি তৈরি করা যাবে না?
(a) TAXI (b) NATION (c) XEROX (d) TOXIN

66. যদি HAND = 1357 হয়, SOFT = 2468 হয়, তবে 21448 = ?
(a) SCHOOL (b) SHOOT (c) SHOOP (d) SHOOL

67. যদি DRIVER = 76, TRUCK = 73 হয়, তবে MOPAD = ?
(a) 55 (b) 45 (c) 59 (d) 49

68. GREEN = FSDFM হলে, BLUE = যা হবে তার শেষ অক্ষর হবে:
(a) F (b) R (c) D (d) P

69. এখানে ক'টি ত্রিভুজ আছে?



(a) 14 (b) 16 (c) 18 (d) 20

70. AE, GK, LQ, RV, ?
(a) WZ (b) WB (c) YC (d) XB

71. BF, GH, JK, NO, ?
(a) RS (b) QR (c) ST (d) TU


72. 13, 16, 22, 34, ?
(a) 52 (b) 48 (c) 62 (d) 58

73. গাজর, খাদ্য ও সবজির মধ্যে সম্পর্কযুক্ত ভেনচিত্র কোনটি?



(a) (b) (c) (d)

74. R = ব্যবসায়ী, S = ধনী, T = সৎব্যক্তি। কোন সংখ্যাটি ধনী ব্যক্তিকে বোঝাচ্ছে?




(a) 4 (b) 5 (c) 3 (d) 2

75. 3, 5, 7, ?, 11
(a) 8 (b) 9 (c) 10 (d) 12

76. হাতের লেখা 105 পাতার একটি বইয়ের প্রতি পাতায় 25টি করে লাইন এবং প্রতি লাইনে 8টি করে শব্দ আছে। এই বইটি যদি এমনভাবে ছাপানো হয় যে প্রতি পাতায় 30টি লাইন এবং প্রতি লাইনে 10টি শব্দ থাকবে তবে বইটি কত পাতার হবে?
(a) 96 পাতা (b) 84 পাতা (c) 76 পাতা (d) 70 পাতা

77. এক ব্যক্তি বার্ষিক $7\frac{1}{2}$% সরল সুদের হারে 400 টাকা ঋণ করার এক বছর পর বার্ষিক 8% সরল সুদের হারে আরও 400 টাকা ঋণ করেন। প্রথম ঋণগ্রহণ করার কত বছর পর তাঁর উভয় ঋণের সুদ সমান হবে?
(a) 12 বছর (b) 16 বছর (c) 20 বছর (d) 24 বছর

78. বন্যায় অবরুদ্ধ একটি গ্রামের লোকসংখ্যার 68% স্ত্রীলোক ও শিশু। প্রথম দিন রাত্রে তাঁদের 80%-কে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হল। পরদিন সকালে দেখা গেল আরও 85 জনকে সরিয়ে নিলেই সমস্ত শিশু ও স্ত্রীলোককে সরিয়ে নেওয়া হবে। ওই গ্রামের জনসংখ্যা কত ছিল?
(a) 560 (b) 590 (c) 625 (d) 656

79. যদি A : B = 3 : 4 এবং B : C = 6 : 5 হয় তাহলে A : B : C-এর মান নির্ণয় করুন।
(a) 3 : 4 : 10 (b) 9 : 12 : 10 (c) 3 : 6 : 8 (d) 9 : 12 : 8

80. A ও B নল দিয়ে একটি চৌবাচ্চাকে যথাক্রমে 6 মিনিটে ও 12 মিনিটে ভর্তি করা যায় এবং C নল দিয়ে চৌবাচ্চাটি খালি হয় 8 মিনিটে। তিনটি নল একসঙ্গে খোলা থাকলে কতক্ষণে শূন্য চৌবাচ্চাটি পূর্ণ হবে?
(a) 8 মিনিটে (b) $8\frac{1}{2}$ মিনিটে (c) $8\frac{3}{4}$ মিনিটে (d) 9 মিনিটে

81. 27 মিটার দৈর্ঘ্য এবং 21 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার উঠোনকে সমান আকারের বর্গাকার পাথর দিয়ে ঢাকতে ক'টি পাথর লাগবে?
(a) 56টি (b) 60টি (c) 63টি (d) 69টি

82. রাম ও শ্যাম একটি ব্যবসা আরম্ভ করল যাতে রামের মূলধন 8000 টাকা। বছর শেষে 3600 টাকা লাভ হলে এবং তা থেকে রাম 1600 টাকা পেলে, শ্যামের মূলধন কত ছিল?
(a) 6000 টাকা (b) 7200 টাকা (c) 8800 টাকা (d) 10000 টাকা

83. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 4 : 3। যদি দ্বিতীয় ট্রেনটি 4 ঘণ্টায় 72 কিলোমিটার যায় তাহলে প্রথম ট্রেনটি 3 ঘণ্টায় কতটা পথ যাবে?
(a) 72 কিলোমিটার (b) 56 কিলোমিটার (c) 84 কিলোমিটার (d) 96 কিলোমিটার

84. একপ্রকার পিতলে তামা ও দস্তার অনুপাত 7 : 4 এরূপ 33 কিলোগ্রাম পিতলে 6 কিলোগ্রাম দস্তা মেশালে তামা ও দস্তার অনুপাত কী হবে?
(a) 5 : 4 (b) 7 : 6 (c) 8 : 7 (d) 4 : 3

85. বার্ষিক $6\frac{1}{4}$% হারে সরলসুদে 292 টাকার 1 দিনের সুদ নির্ণয় করুন।
(a) 6 পয়সা (b) 8 পয়সা (c) 5 পয়সা (d) 7 পয়সা

86. 100 এবং 150-এর মধ্যবর্তী 8-এর গুণিতক সংখ্যাগুলির যোগফল কত?
(a) 744 (b) 644 (c) 544 (d) 844

87. A ও B একটি কাজ একত্রে 16 দিনে করতে পারে। A একা কাজটি 20 দিনে করলে B কতদিনে একা কাজটি শেষ করতে পারবে?
(a) 40 দিনে (b) 45 দিনে (c) 60 দিনে (d) 80 দিনে

88. 12% সরলসুদে 1200 টাকা 12 বছর পর সুদে-আসলে কত টাকা হবে?
(a) 2728 টাকা (b) 2828 টাকা (c) 2928 টাকা (d) 3028 টাকা

89. $\sqrt{2}$ -এর মান কত?
(a) 1.441 (b) 1.414 (c) 1.144 (d) 1.148

90. ডিজেলের মূল্য 40 টাকা থেকে বৃদ্ধি পেয়ে 43 টাকা হল। বৃদ্ধির শতকরা হার কত?
(a) 6% (b) 7.5% (c) 8% (d) 10%

91. 12টি সাবানের ওজন 5604 কিলোগ্রাম হলে, 5টি সাবানের ওজন কত হবে?
(a) 2775 কিলোগ্রাম (b) 2725 কিলোগ্রাম (c) 2535 কিলোগ্রাম (d) 2335 কিলোগ্রাম

92. স্টেশনে দাঁড়ানো এক ব্যক্তিকে 280 মিটার লম্বা ট্রেন 14 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত ছিল?
(a) 72 কিলোমিটার (b) 66 কিলোমিটার (c) 60 কিলোমিটার (d) 54 কিলোমিটার

93. দু'টি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে 45 ও 9। একটি সংখ্যা 15 হলে অপরটি হবে:
(a) 45 (b) 3 (c) 27 (d) 18

94. 81 কিলোগ্রাম চিনির মূল্য 2432 টাকা হলে 3002 টাকায় কত কিলোগ্রাম চিনি পাওয়া যাবে?
(a) 94 কিলোগ্রাম (b) 99 কিলোগ্রাম (c) 101 কিলোগ্রাম (d) 100 কিলোগ্রাম

95. একটি জলাধার প্রথম পাইপ দিয়ে 4 মিনিটে পূর্ণ হয় এবং অপর পাইপ দিয়ে 5 মিনিটে খালি হয়। যদি দু'টি পাইপই একসঙ্গে খোলা থাকে, তবে জলাধারটি কত মিনিটে ভর্তি হবে?
(a) 15 মিনিটে (b) 20 মিনিটে (c) 25 মিনিটে (d) 30 মিনিটে

96. $39.05 \times 14.95 - 27.99 \times 10.12 = (36 + ?) \times 5$
(a) 45 (b) 50 (c) 24 (d) 75

97. রাজু 432 টাকায় একটি চেয়ার বিক্রি করায় তার 6% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে 8% লাভ হত?
(a) 486 টাকা (b) 494 টাকা (c) 502 টাকা (d) 504 টাকা

*এরপর বারোর পাতায়*




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

98. কোন ক্ষুদ্রতম সংখ্যাটি 2, 3, 4, 5, 6, 7 দ্বারা বিভাজ্য?
(a) 70 (b) 210 (c) 420 (d) 840

99. কোন অনুপাতে 75 টাকা কিলোগ্রাম দরের চায়ের সঙ্গে 120 টাকা কিলোগ্রাম দরের চা মিশ্রিত করে মোট 125 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করলে 25% লাভ হবে?
(a) 3 : 2 (b) 2 : 3 (c) 3 : 5 (d) 4 : 5


100. দু'টি সংখ্যার যোগফল 150 এবং ভাগফল 4 হলে, সংখ্যাদু'টির পার্থক্য হবে:
(a) 90 (b) 88 (c) 84 (d) 80

**উত্তর**

1(c), 2(b), 3(c), 4(b), 5(b), 6(a), 7(c), 8(c), 9(d), 10(a), 11(b), 12(c), 13(b), 14(b), 15(d), 16(b), 17(a), 18(a), 19(b), 20(c), 21(a), 22(c), 23(a), 24(b), 25(c), 26(b), 27(c), 28(a), 29(c), 30(a), 31(c), 32(b), 33(d), 34(b), 35(d), 36(c), 37(b), 38(b), 39(b), 40(c), 41(d), 42(c), 43(d), 44(a), 45(c), 46(b), 47(a), 48(c), 49(b), 50(d), 51(a), 52(c), 53(d), 54(b), 55(c), 56(c), 57(c), 58(a), 59(b), 60(b), 61(d), 62(d), 63(c), 64(b), 65(c), 66(b), 67(d), 68(a), 69(d), 70(b), 71(c), 72(d), 73(a), 74(c), 75(b), 76(d), 77(b), 78(c), 79(b), 80(a), 81(c), 82(d), 83(a), 84(b), 85(c), 86(a), 87(d), 88(c), 89(b), 90(b), 91(d), 92(a), 93(c), 94(d), 95(b), 96(c), 97(a), 98(c), 99(d), 100(a).

**সমাধান**

51(a):




52(c):

| | |
|---|---|
| A ⇒ ÷ | B ⇒ × |
| C ⇒ + | D ⇒ − |

35 A 7C 4 B 6 D 15
35 ÷ 7 + 4 × 6 − 15 = 5 + 24 − 15 ⇒ 14.

53(d):




54(b):




56(c): 1 2 6 15 31 [56]
$+1^2$ $+2^2$ $+3^2$ $+4^2$ $+5^2$

57(c): একমাত্র 31 মৌলিক সংখ্যা।


58(a): 3 6 12 21 33
+3 +6 +9 +12

59(b): পিছন দিক থেকে ⇒ (29 − 14 + 1) ⇒ 16তম।

60(b):

| | | |
|---|---|---|
| 5 | 8 | 13 |
| × 6 | × 9 | 15 |
| × 4 | × 12 | [16] |
| 120 | 864 | 3120 |
| 2 | 2 | 2 |
| 60 | 432 | 1560 |

61(d):




63(c): m o p n /m o p n/m o p n / m o p n.
mnpmon.

64(b): H O T E L
Alphabet -এ স্থান ↓ ↓ ↓ ↓ ↓
8 + 15 + 20 + 5 + 12 = 60 − 5 (5টি অক্ষর) = 55

B O R E
↓ ↓ ↓ ↓
2 + 15 + 18 + 5 = 40 − 4 (4টি অক্ষর) = [36]

65(c): XEROX এর মধ্যে দু'টি 'X' আছে কিন্তু মূল শব্দে একটি 'X' আছে।

66(b): H A N D S O F T
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
1 3 5 7 2 4 6 8

2 1 4 4 8
↓ ↓ ↓ ↓ ↓
[S H O O T]

67(d): M O P A D
↓ ↓ ↓ ↓ ↓
Alphabet-এ স্থান 13 + 15 + 16 + 1 + 4 ⇒ [49]

68(a): G R E E N B L U E
−1↓ +1↓ −1↓ +1↓ −1↓ −1↓ +1↓ −1↓ +1↓
F S D F M A M T F

70(b): A →(+5) F
↓ ↓
G →(+4) K
↓ ↓
L →(+5) Q
↓ ↓
R →(+4) V
↓ ↓
W →(+5) B

71(c): EF GH (I) JK (LM) NO (PQR) [ST]

72(d): 13 16 22 34 [58]
+3 +6 +12 +24

73(a):



75(b): 3 5 7 9 11
+2 +2 +2 +2

76(d): পাতার সংখ্যা = $\frac{105 \times 25 \times 8}{30 \times 10}$ = 70টি।

77(b): প্রথম ঋণের সুদ ⇒ 400 × $7\frac{1}{2}$ × $\frac{1}{100}$ = 30 টাকা

এক বছর পর দ্বিতীয় ঋণের সুদ = 400 × 8 × $\frac{1}{100}$ = 32 টাকা

∴ সুদের পার্থক্য = 32 − 30 = 2 টাকা

∴ সুদ সমান হবে = $\frac{30}{2}$ + 1 = 16 বছর পর।

78(c): 80% নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার পর বাকি আছে = (100 − 80) = 20%

∴ মোট জনসংখ্যা = $\frac{85 \times 100 \times 100}{68 \times 20}$ = 625.

79(b):

| | | | | |
|---|---|---|---|---|
| A | : | B | : | C |
| 3 | : | 4 | : | 4 |
| × 6 | : | 6 | : | 5 |
| 18 | : | 24 | : | 20 |

∴ 9 : 12 : 10.

80(a): + A (6 মিনিট) = + 4
+ B (12 মিনিট) = + 2
− C (8 মিনিট) = − 3
1 মিনিটে ভর্তি হয় = + 3 লিটার

6, 12 এবং 8-এর ল.সা.গু. = 24

ধরি, চৌবাচ্চায় 24 লিটার জল ধরে ∴ সময় = $\frac{24}{3}$ = 8 মিনিট।

81(c): দৈর্ঘ্য 27 মিটার এবং প্রস্থ 12 মিটার এর গ.সা.গু. = 3

∴ পাথরের ক্ষেত্রফল = 3 × 3

∴ পাথর সংখ্যা = $\frac{27 \times 21}{3 \times 3}$ = 63টি।

82(d): শ্যাম লাভ পায় = 3600 − 1600 = 2000 টাকা

∴ শ্যামের মূলধন = $\left(\frac{8000}{1600} \times 2000\right)$ = 10000 টাকা।

83(a): প্রথম ট্রেন : দ্বিতীয় ট্রেন
গতি = 4 : 3
সময় = 3 : 4
[72 কিমি যাবে] 72 কিমি গেলে

84(b): তামা দস্তা
7 : 4 (7 + 4) = $\frac{33}{11}$ = 3 kg
× 3 × 3
21 12
+ 6
21 : 18 ∴ [7 : 6.]

85(c): সুদ = 292 × $6\frac{1}{4}$ % × $\frac{1}{365}$ = 292 × $\frac{25}{4}$ × $\frac{1}{100}$ × $\frac{1}{365}$ = $\frac{1}{20}$ টাকা = 5 পয়সা।

86(a): 100 এর পর 8 এর গুণিতক = 8 × 13 = 104
150-এর আগে 8-এর গুণিতক = 8 × 18 = 144
∴ মোট সংখ্যা আছে = 18 − (13 − 1) = 6টি

∴ যোগফল = $\left(\frac{104 + 144}{2}\right)$ × 6 = 248 × 3 = 744.

87(d): B একা কাজটি করে = $\frac{20 \times 16}{(20 - 16)}$ = 80 দিনে।

88(c): সুদ = 1200 × $\frac{12}{100}$ × 12 = 1728 টাকা

∴ সুদ-আসল = 1200 + 1728 = 2928 টাকা।

89(b): $\sqrt{2}$ = 1.414.

90(b): বৃদ্ধির হার = $\frac{3 \times 100}{40}$ = 7.5%.

91(d): ওজন = $\frac{5.604}{12}$ = 2.335 কিলোগ্রাম।

92(a): ট্রেনের গতিবেগ = $\frac{280}{14} \times \frac{18}{5}$ = 72 কিমি/ঘণ্টা।

93(c): [দু'টি সংখ্যার গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.]

∴ অপর সংখ্যা = $\frac{45 \times 9}{15}$ = 27.

94(d): চিনির পরিমাণ = $\frac{81 \times 3002}{2432}$ = 99.98 (কিলোগ্রাম) = 100 কিলোগ্রাম (প্রায়)।

95(b): ভর্তির সময় = $\frac{5 \times 4}{5 - 4}$ = 20 মিনিট।

96(c): 39.05 × 14.95 − 27.99 × 10.12 = (36 + ?) × 5
প্রায় ⇒ 39 × 15 − 28 × 10
⇒ 585 − 280 = 305 ≃ 61 × 5 ⇒ 36 + (25) (প্রায়) 24.

97(a): বিক্রয়মূল্য = $\frac{432 \times (100 + 8)}{(100 - 6)}$ = $\frac{432}{94}$ × 108 = 486 টাকা।

98(c): বিভাজ্য সংখ্যাটি হল = 2 × 3 × 2 × 5 × 7 = 420.

99(d): 125 টাকায় বিক্রি করে 25% লাভ হয়
∴ ক্রয়মূল্য = (125 − 25) = 100 টাকা

75 120
[100]
(120 − 100) = 20 (100 − 75) = 25

4 : 5.

100(a): একটি সংখ্যা x হলে, 4x
∴ মোট x + 4x = 150, 5x = 150, x = 30
∴ সংখ্যাদু'টির পার্থক্য = (4x − x) = 3x = 3 × 30 = 90.

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

---

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

## আই সি ডি এস সুপারভাইজর

### নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

34. NACO-এর পুরো কথা হল:
(a) National AIDS Control Organisation (b) National Agriculture and Cultivation Organisation (c) National Anti-drug Control Organisation (d) National Anemia Control Organization

35. প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা বলতে বোঝায়:
(a) 20000 জনবসতির স্বাস্থ্য (b) সকলের জন্য স্বাস্থ্য (c) প্রাথমিক স্কুলের জন্য (d) যারা স্বাস্থ্য পরিষেবা নিতে ইচ্ছুক

36. বিশ্ব স্বাস্থ্য সংস্থার SAFER উদ্যোগ কীসের সঙ্গে যুক্ত?
(a) ম্যালেরিয়া (b) অ্যালকোহল বর্জন (c) পরিবেশ দূষণ (d) যক্ষ্মা প্রতিরোধ

37. 'আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস' পালিত হয়:
(a) 22 জানুয়ারি (b) 24 অক্টোবর (c) 15 অক্টোবর (d) 26 নভেম্বর

38. 'যৌথ পরিবার' বলতে বোঝায়:
(a) তিন প্রজন্ম (b) দুই প্রজন্ম (c) চার প্রজন্ম (d) কোনওটিই নয়

39. IDDP-এর পুরো কথা হল:
(a) Iodine Deficiency Disorders Programme (b) Iodine Deficiency Distribution Programme (c) Iodine Deficiency for Disable People (d) Iodine Disorders and Determination Programme

40. 'ডিডিটি' হল:
(a) অ্যান্টিবায়োটিক (b) ভ্যাকসিন (c) কীটনাশক পদার্থ (d) অ্যান্টিজেন

41. নীচের কোনটি কম্পিউটারের একটি অপারেটিং সিস্টেম সফটওয়্যার?
(a) অ্যাডোব ফটোশপ (b) কোরেল ড্র (c) মাইক্রোসফট অফিস (d) উইন্ডোজ

42. পশ্চিমবঙ্গের রাজ্যসভার মোট আসনসংখ্যা হল:
(a) 16 (b) 42 (c) 52 (d) 295

43. 'আম আঁটির ভেঁপু' বইটির লেখক হলেন:
(a) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (b) সত্যজিৎ রায় (c) অতীন বন্দ্যোপাধ্যায় (d) উপেন্দ্রকিশোর রায়

44. যশপ্রীত বুমরা কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) টেনিস (c) ক্রিকেট (d) ব্যাডমিন্টন

45. হেম নলিনী রবীন্দ্রনাথের কোন বিখ্যাত উপন্যাসের চরিত্র?
(a) চতুরঙ্গ (b) নৌকাডুবি (c) শেষের কবিতা (d) চোখের বালি

46. 'ইন্ডিয়া কোয়েক' অ্যাপটি কীসের সঙ্গে যুক্ত?
(a) ভূমিকম্প (b) পরিবহণ (c) স্বাস্থ্য (d) প্রতিরক্ষা

47. কত তারিখে মানবাধিকার দিবস পালন করা হয়?
(a) 17 অক্টোবর (b) 10 ডিসেম্বর (c) 11 নভেম্বর (d) 12 জানুয়ারি

**উত্তর**

1(c), 2(d), 3(a), 4(b), 5(a), 6(d), 7(b), 8(c), 9(d), 10(c), 11(a), 12(b), 13(d), 14(d), 15(c), 16(a), 17(b), 18(b), 19(a), 20(b), 21(a), 22(a), 23(a), 24(b), 25(c), 26(b), 27(d), 28(b), 29(c), 30(b), 31(b), 32(a), 33(d), 34(a), 35(b), 36(b), 37(c), 38(a), 39(a), 40(c), 41(d), 42(a), 43(a), 44(c), 45(b), 46(a), 47(b).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও ডঃ শক্তিপদ নন্দ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## কী পড়বেন, কোথায় পড়বেন

### নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভোকেশনাল কোর্স

প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন (মন্তেসরি), সাইকোলজিক্যাল কাউন্সেলিং, টেলরিং ও ড্রেস ডিজাইনিং-সহ মোট সাতটি বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। এটি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষাকেন্দ্র। কোর্সের মেয়াদ ৬ মাস থেকে ২ বছর। কোর্সগুলি করানো হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্টাডি সেন্টারগুলিতে।

কোর্সগুলির বিবরণ: **ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন-মন্টেসরি** (ডি পি টি ই-এম): শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৮,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সেলিং:** শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল সায়েন্স (সিভিক্স/পলিটিক্যাল সায়েন্স/হিস্ট্রি/জিওগ্রাফি/সোশিওলজি/এডুকেশন) বা ফিজিক্যাল সায়েন্স বা লাইফ সায়েন্সে স্নাতক অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এম বি বি এস বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ১৮,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ১৫,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন নিডল ওয়ার্ক অ্যান্ড নিটিং:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ১৫,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৩০,০০০ টাকা।

**ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৭,০০০ টাকা।

**ভোকেশনাল কোর্সেস অন টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং: বেসিক কোর্স:** শিক্ষাগত যোগ্যতা: অন্তত ক্লাস এইট। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ৩,০০০ টাকা। **অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৬,০০০ টাকা। **অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ২১,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারগুলি থেকে। কোর্স ফি ছাড়াও রেজিস্ট্রেশন ফি এবং বার্ষিক উন্নয়ন ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা।

আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন।

কোর্স অনুসারে স্টাডি সেন্টারগুলির ঠিকানা-সহ তালিকা এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in

## পাবলিক সিস্টেম ম্যানেজমেন্টের চার ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি



**নিজস্ব প্রতিনিধি:** পাবলিক সিস্টেম ম্যানেজমেন্টের চারটি স্পেশ্যালাইজেশনের ২ বছরের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট। স্পেশ্যালাইজেশনগুলি হল: এনার্জি ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট এবং এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট। কোর্সগুলি কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত।

স্পেশ্যালাইজেশন অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **এনার্জি ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ব্যাচেলর্স ডিগ্রি অথবা এ এম আই ই অথবা ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স বা ইকনমিক্সে অনার্স ডিগ্রি অথবা বি বি এ বা বি সি এ বা এম সি এ ডিগ্রি।

**ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা কমার্স বা ইকনমিক্সের অনার্স ডিগ্রি অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি অথবা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিগ্রি বা এ এম আই ই।

**হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় অনার্স ডিগ্রি অথবা এম বি বি এস বা আয়ুষ বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস বা বি ডি এস বা ফিজিওথেরাপি বা অপ্টোমেট্রির ডিগ্রি অথবা এল এল বি বা বি বি এ অথবা ফার্মাসি বা নার্সিং বা নিউট্রিশন বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এ এম আই ই।

**এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা ইকনমিক্সের অনার্স ডিগ্রি বা বি বি এ অথবা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ব্যাচেলর্স ডিগ্রি বা এ এম আই ই।

২০১৯-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রার্থীর ২০১৮ বা ২০১৯-এর ম্যাট স্কোর অথবা ২০১৮-র ক্যাট বা সি-ম্যাট বা জে ই-ম্যাট বা গেট বা এ টি এম এ অথবা জ্যাট স্কোর থাকতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা শিক্ষাগত যোগ্যতায় ৫ শতাংশ নম্বরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ম্যাট বা উল্লিখিত কোনও অ্যাপ্টিটিউড টেস্টের স্কোরের ভিত্তিতে এবং গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

**কোর্স ফি:** ২ বছরের মোট ফি ৩ লক্ষ ৭৫ হাজার টাকা। কোর্স শেষে কশান ডিপোজিট বাবদ জমা রাখা ১০ হাজার টাকা ফেরত পাওয়া যাবে। ব্যাঙ্ক থেকে শিক্ষাঋণ পাওয়ার সুযোগ আছে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, কোর্স চলাকালীনই প্রতিষ্ঠানের চাকরি সহায়তা কেন্দ্রের মাধ্যমে অধিকাংশ ছাত্রছাত্রীর দেশে-বিদেশে চাকরি হয়ে যায়।

ভর্তির প্রক্রিয়া চলছে। ৯০০ টাকার বিনিময়ে ব্রোশিওর-সহ আবেদনের ফর্ম কিনতে পাওয়া যাবে প্রতিষ্ঠানের অফিস থেকে। অনলাইনেও আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu আবেদনের ফর্ম ডাউনলোডও করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানের ঠিকানায় আবেদনপত্র জমা দেওয়ার সময়ে আবেদনের ফি বাবদ ৯০০ টাকা জমা দিতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার এবং অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ জুলাই।

প্রতিষ্ঠানের ঠিকানা: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার (ওয়েস্ট), কলকাতা-৭০০ ০৭৩। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩৩)২২১৯-১৬৮৩, ৬২৮৯০-৫৮৯৬৬, ৯৮৩১২-১০১৯২।



## স্কলারশিপের খোঁজখবর

### আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক এম বি এ স্কলারশিপ ২০১৯-২১

মাস্টার অব অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়তে ইচ্ছুক আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক। দেশের নির্দিষ্ট ১৫০টি প্রতিষ্ঠানের মধ্যে যে-কোনও একটিতে পূর্ণ সময়ের এম বি এ বা সমতুল কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখের নীচে। **স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ১ লাখ টাকা। আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/IFBMS1 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

### জি ই ভি মেমোরিয়াল মেরিট স্কলারশিপ ২০১৯

আইন নিয়ে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ডক্টর গুলাম ই বাহনবতী স্কলারশিপ ফান্ড ট্রাস্ট। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বছর প্রতি ৫০,০০০ টাকা থেকে ২ লাখ টাকা পর্যন্ত।

**আবেদনের যোগ্যতা:** এল এল বি বা এল এল এম কোর্স পাঠরতরা আবেদনের যোগ্য। প্রার্থীকে ২০১৯-এ হওয়া ক্ল্যাট বা ল স্কুল অ্যাডমিশন টেস্ট বা এ আই এল ই টি বা সমতুল আইন-সংক্রান্ত প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখের নিচে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/GMM2 আবেদনের শেষ তারিখ ৩০ জুন।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*



Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গ্রামীণ ব্যাঙ্কে ৮০০০

*প্রথম পাতার পর*

মনে রাখবেন, গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে যে-রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের শূন্যপদে দরখাস্ত করবেন, প্রার্থীকে সেই এলাকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে সেই ভাষা পড়ে থাকতে হবে। অবশ্য যাঁরা স্থানীয় ভাষা জানেন না, তাঁরাও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে কাজে নিয়োগের ৬ মাসের মধ্যে তাঁদের সংশ্লিষ্ট ভাষায় দক্ষ হয়ে উঠতে হবে। আর আর বি বোর্ডের অনুমতিক্রমে এই মেয়াদ বাড়তে পারে।

আই বি পি এসের ৪৫টি গ্রামীণ ব্যাঙ্কের মধ্যে পশ্চিমবঙ্গের দু'টি গ্রামীণ ব্যাঙ্ক রয়েছে। এগুলি হল: বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক (মুর্শিদাবাদ) ও পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক (হাওড়া)। পশ্চিমবঙ্গের অফিসার স্কেল-ওয়ান এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদের প্রার্থীরা এই দু'টি গ্রামীণ ব্যাঙ্ক ছাড়াও অসম গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক (গুয়াহাটি) ও ত্রিপুরার ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কেও (আগরতলা) আবেদন করতে পারবেন, সেখানকার অন্যতম স্থানীয় ভাষা বাংলা। এছাড়া ইংরেজি স্থানীয় ভাষা হিসেবে গ্রাহ্য অরুণাচল প্রদেশ রুরাল ব্যাঙ্ক (নাহারলাগুন) ও নাগাল্যান্ড রুরাল ব্যাঙ্কে (কোহিমা)। ফলে পশ্চিমবঙ্গের ওই দুই পদের প্রার্থীরা এই ব্যাঙ্কগুলিতেও আবেদন করতে পারবেন। পাশাপাশি, হিন্দি স্থানীয় ভাষা হিসেবে গ্রাহ্য, এমন গ্রামীণ ব্যাঙ্কগুলি হল: উত্তর প্রদেশের আর্যাবর্ত ব্যাঙ্ক (লখনউ), বরোদা রাজস্থান ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্ক (আজমের), বরোদা ইউ পি গ্রামীণ ব্যাঙ্ক (রায়বরেলি), ছত্তিশগড়ের চৈতন্য গোদাবরী গ্রামীণ ব্যাঙ্ক (রায়পুর), দক্ষিণ বিহার গ্রামীণ ব্যাঙ্ক (পাটনা), হিমাচল প্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক (মাণ্ডি), ঝাড়খণ্ড গ্রামীণ ব্যাঙ্ক (রাঁচি), কাশী গোমতী সংযুক্ত গ্রামীণ ব্যাঙ্ক (বারাণসী), মধ্যপ্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক (ইন্দোর), মধ্যপ্রদেশের মধ্যাঞ্চল গ্রামীণ ব্যাঙ্ক (সাগর), প্রথমা ইউ পি গ্রামীণ ব্যাঙ্ক (মোরাদাবাদ), পূর্বাঞ্চল ব্যাঙ্ক (গোরখপুর), রাজস্থান মরুধারা গ্রামীণ ব্যাঙ্ক (যোধপুর), সর্ব হরিয়ানা গ্রামীণ ব্যাঙ্ক (রোহতক), উত্তর বিহার গ্রামীণ ব্যাঙ্ক (মুজফফরপুর), উত্তরাখণ্ড গ্রামীণ ব্যাঙ্ক (দেরাদুন)। এখানে স্থানীয় ভাষা হিসেবে বাংলা যে-গ্রামীণ ব্যাঙ্কগুলিতে স্বীকৃত, তার শূন্যপদের বিস্তারিত বিন্যাস দেওয়া হল।

**পদ ও ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: অফিস অ্যাসিস্ট্যান্ট: বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৭০টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিকভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৫২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অফিসার স্কেল-১ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার): বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ২০০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৪, আর্থিকভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ৮টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৯৪টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৫, আর্থিকভাবে অনগ্রসর ৯)।

**অফিসার স্কেল-২ (এগ্রিকালচার অফিসার): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৯টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**অফিসার স্কেল-২ (ট্রেজারি ম্যানেজার): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১টি (সাধারণ)।

**অফিসার স্কেল-২ (আইন): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)।

**অফিসার স্কেল-২ (চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৪টি (সাধারণ ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)

**অফিসার স্কেল-২ (আই টি): পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)।

**শিক্ষাগত যোগ্যতা: অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের ক্ষেত্রে:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের ক্ষেত্রে:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল। এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— এই বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার-ম্যানেজার) পদের ক্ষেত্রে:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ব্যাঙ্কিং, ফিনান্স, মার্কেটিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**অফিসার স্কেল-টু (স্পেশ্যালিস্ট অফিসার-ম্যানেজার) পদের ক্ষেত্রে: আই টি অফিসার:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে স্নাতক বা সমতুল। এ এস পি, পি এইচ পি, সি++, জাভা, ভি বি, ভি সি, ও সি পি ইত্যাদি কম্পিউটার-সংক্রান্ত সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা। **চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট:** ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া থেকে সার্টিফায়েড অ্যাসোসিয়েট (সি এ)। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা। **ল অফিসার:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ আইনে স্নাতক বা সমতুল। সঙ্গে ওকালতি অথবা কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানের আইনি পরামর্শদাতা হিসেবে ২ বছরের অভিজ্ঞতা। **ট্রেজারি ম্যানেজার:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা। **মার্কেটিং অফিসার:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মার্কেটিংয়ে এম বি এ ডিগ্রি। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা। **এগ্রিকালচারাল অফিসার:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচার, হর্টিকালচার, ডেয়ারি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ফরেস্ট্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার— যে-কোনও একটি বিষয়ে ব্যাচেলর্স ডিগ্রি বা সমতুল। সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**অফিসার স্কেল-থ্রি (সিনিয়র ম্যানেজার) পদের ক্ষেত্রে:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও বিষয়ে স্নাতক বা সমতুল। ব্যাঙ্কিং, ফিনান্স, মার্কেটিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটি বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৬-২০১৯ তারিখে অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অফিসার স্কেল-টু পদের ক্ষেত্রে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। অফিসার স্কেল-থ্রি পদের ক্ষেত্রে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলিরা ৫ বছর, ও বি সিরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, ডিভোর্সি এবং আইনত বিবাহবিচ্ছিন্না মহিলারা পুনর্বার বিবাহ না করে থাকলে শুধুমাত্র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

**লিখিত পরীক্ষার ধরনধারণ:** প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে দু'পর্যায়ে। অফিসার স্কেল-টু ও থ্রি-র ক্ষেত্রে একটিই পরীক্ষা হবে। অফিসার স্কেল-ওয়ান এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষা হবে যথাক্রমে ৩, ৪ ও ১১ অগস্ট এবং ১৭, ১৮ ও ২৫ অগস্ট। মেন পরীক্ষা হবে অফিসার পদের ক্ষেত্রে ২২ সেপ্টেম্বর এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৯ সেপ্টেম্বর।

**প্রিলিমিনারি** অনলাইন পরীক্ষায় অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের রিজনিং ও ৪০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি। সময় ৪৫ মিনিট।

**মেন** পরীক্ষায় অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের ক্ষেত্রে থাকবে ৫০ নম্বরের রিজনিং, ২০ নম্বরের কম্পিউটার নলেজ, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ, ৫০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

অফিসার স্কেল-ওয়ান পদের লিখিত মেন পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) এবং অফিসার স্কেল-থ্রি পদের পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, ৪০ নম্বরের ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

অফিসার স্কেল-টু (স্পেশ্যালিস্ট ক্যাডার) পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বরের রিজনিং, ৪০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, ৪০ নম্বরের ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ২০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ, ২০ নম্বরের কম্পিউটার নলেজ এবং ৪০ নম্বরের প্রফেশনাল নলেজ বিষয়ে প্রশ্ন। সময় আড়াই ঘণ্টা।

সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের একাধিক উত্তর লিখলে তাও ভুল উত্তর হিসেবে ধরা হবে। পশ্চিমবঙ্গে প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, বহরমপুর, বর্ধমান, দুর্গাপুর, আসানসোল, হুগলি ও কল্যাণী এবং মেন পরীক্ষার কেন্দ্র বৃহত্তর কলকাতা ও শিলিগুড়ি।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। **অনলাইন দরখাস্ত করা যাবে ৪ জুলাই পর্যন্ত।** অফিস অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার দু'টি পদের জন্যই আলাদা দরখাস্ত পূরণ করে ও ফি দিয়ে আবেদন করতে পারবেন। তবে অফিসার পদে যে-কোনও একটি স্কেলের জন্যই আবেদন করতে পারবেন। দরখাস্ত করার আগে নিজের ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং নির্দিষ্ট বয়ানে প্রার্থীর নিজের হাতে ইংরেজিতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে কম্পিউটারে রাখতে হবে। এগুলি আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত সাবমিটের সময় একটি রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাবেন। এগুলি টুকে রাখবেন। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তটির একটি প্রিন্ট আউট নেবেন। এই প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

**ফি প্রদান:** ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা। অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রাক্তন সমরকর্মীদের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

# ১৭০ ট্রেড অ্যাপ্রেন্টিস

১৭০ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কোচির ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডের অ্যাপ্রেন্টিসেস ট্রেনিং স্কুল। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস ১৯৯২ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা আগে অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে কোনও সরকারি বা বেসরকারি ট্রেনিং নিয়েছেন বা নিচ্ছেন, তাঁরা আর আবেদন করবেন না।

**ট্রেড অনুসারে আসনসংখ্যা:** ইলেক্ট্রিশিয়ান: ১৩টি, ইলেক্ট্রনিক মেকানিক: ১৭টি, মেশিনিস্ট: ৯টি, টার্নার: ৭টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক্যাল): ১০টি, পেইন্টার (জেনারেল): ৮টি, ইলেক্ট্রোপ্লেটার: ৫টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৮টি, ফিটার: ১৮টি, কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১৩টি, শিপরাইট (উড)/কার্পেন্টার: ১২টি, শিট মেটাল ওয়ার্কার: ৮টি, ডিজেল মেকানিক: ১৬টি, টেলর (জেনারেল): ৪টি, কাটিং অ্যান্ড সিউয়িং মেশিন অপারেটর: ৪টি, মেকানিক ইনস্ট্রুমেন্ট (এয়ারক্রাফট): ৬টি, ইলেক্ট্রিশিয়ান (এয়ারক্রাফট): ৬টি, মেকানিক রেডিও অ্যান্ড র‌্যাডার এয়ারক্রাফট: ৬টি।

নিয়মানুসারে বিভিন্ন ক্যাটেগরির প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। **বয়স:** ১-১০-২০১৯ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। **দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫০ সেমি। বুকের ছাতি: ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন: অন্তত ৪৫ কেজি। দৃষ্টিশক্তি: ৬/৬ থেকে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়া হবে। ট্রেনিং শুরু হবে ১৫ অক্টোবর।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর ৭ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন এবং ফটোটি কোনও গেজেটেড অফিসার বা আই টি আই কলেজের প্রধান দ্বারা প্রত্যয়িত করিয়ে নেবেন। বাকি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়সের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট। ✓ প্রাক্তন সমরকর্মী বা আর্মি বা ডিফেন্স সিভিলিয়ান বা ডকইয়ার্ডে কর্মরত ব্যক্তিদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। ✓গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত ক্যারেক্টার সার্টিফিকেটের নকল। ✓প্যান এবং আধার কার্ডের প্রত্যয়িত নকল।

২৩ জুলাইয়ের মধ্যে সাধারণ ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Admiral Superintendent, (for Officer-in-Charge, Apprentices Training School), Naval Ship Repair Yard, Naval Base, Kochi-682 004.

*দরখাস্তের বয়ান আগামী সংখ্যায়*

# এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু

*প্রথম পাতার পর*

বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া ১-১-২০১৯ তারিখে প্রার্থীর বৈধ এস ই পি (সেফটি অ্যান্ড ইমার্জেন্সি প্রসিডিওর) থাকতে হবে। হিন্দি ও ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। এয়ার ইন্ডিয়ার পরিষেবা আছে এমন কোনও দেশের ভাষা জানা থাকলে অগ্রাধিকার। **দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭২ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৬০ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। তফসিলি ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ২.৫ সেমি ছাড় পাবেন। **বডি মাস ইনডেক্স:** ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন (ডি জি সি এ) অনুমোদিত সিভিল অ্যাভিয়েশন রিকয়্যারমেন্ট (সি এ আর) অনুসারে পুরুষদের ক্ষেত্রে নরম্যাল রেঞ্জ ১৮-২৫, মহিলাদের ক্ষেত্রে নরম্যাল রেঞ্জ ১৮-২২। **দৃষ্টিশক্তি:** কাছের ক্ষেত্রে ভালো চোখে এন/৫, খারাপ চোখে এন/৬। দূরের ক্ষেত্রে: এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। চশমা থাকলে চলবে না। কনট্যাক্ট লেন্স ±২ডি পর্যন্ত গ্রহণযোগ্য। **বয়স:** ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে মাইনে ১৮,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে উচ্চতা ও বি এম আই যাচাইয়ের মাধ্যমে। সফল প্রার্থীদের তার পর লিখিত পরীক্ষা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০-৩৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Air India Limited'-এর অনুকূলে পূর্বাঞ্চল রিজিয়নের ক্ষেত্রে কলকাতায়, উত্তরাঞ্চল রিজিয়নের ক্ষেত্রে দিল্লিতে, পশ্চিমাঞ্চল রিজিয়নের ক্ষেত্রে মুম্বইয়ে এবং দক্ষিণাঞ্চল রিজিয়নের ক্ষেত্রে চেন্নাইয়ে প্রদেয় হতে হবে। তফসিলিদের ফি লাগবে না। ডিমান্ড ড্রাফটটি প্রার্থী বাছাইয়ের সময় সঙ্গে করে নিয়ে যেতে হবে। এ ছাড়া যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, ডোমিসাইল সার্টিফিকেট, কর্মরতদের ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট'-এর মূল ও তার এক কপি নকল সঙ্গে নিয়ে যেতে হবে।

তিনটি পর্যায়ে প্রার্থীদের নিয়োগ করা হবে— প্রথম পর্যায়ের ক্ষেত্রে দরখাস্ত করা যাবে ২৫ জুনের মধ্যে। শিক্ষাগত যোগ্যতা ও নির্দিষ্ট বয়স হতে হবে ১-৬-২০১৯ অনুযায়ী। লিখিত পরীক্ষার তারিখ ৭ জুলাই। দ্বিতীয় পর্যায়ের ক্ষেত্রে দরখাস্ত করা যাবে ৪ থেকে ১৭ জুলাই পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা ও নির্দিষ্ট বয়স হতে হবে ১-৭-২০১৯ অনুযায়ী। লিখিত পরীক্ষার তারিখ ২৮ জুলাই। তৃতীয় পর্যায়ের ক্ষেত্রে দরখাস্ত করা যাবে ২৫ জুলাই থেকে ৭ অগস্ট পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা ও নির্দিষ্ট বয়স হতে হবে ১৫-৭-২০১৯ অনুযায়ী। লিখিত পরীক্ষার তারিখ ১৮ অগস্ট। প্রার্থী একাধিক পর্যায়ের জন্য দরখাস্ত করতে পারেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad